# সমাচার দর্পণ

১০৮৯ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ২৮ মে। শনিবার ১২৪৩ সাল ১৬ জ্যৈষ্ঠ। SATURDAY, MAY 28TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1089. VOL. XVIII.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.


## ইশতেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে।

যে মফঃসলের বাজারের সরবরাহকারণ দফা দফা নীলামের দ্বারা সরকারি নমক বিক্রয়ের যে নিয়ম ছিল তাহা এই ইশ্‌তেহারের তারিখহইতে অতঃপর রহিত হইল।

২ দফা। আগামি জুলাই মাসের ১ তারিখঅবধি ও তদনন্তর সরকারি নমক ২৫০ মোনের ন্যূন না হয় এমত পরিমাণে খোশসওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয় হইবেক আর ঐ ২৫০ মোনের অধিক কিছু লইতে হইলে উপরি ৫০ মোন অথবা ১০০ মোন পূরা লইতে হইবেক অর্থাৎ ৩০০ মোন। ৩৫০ মোন। ৪০০ মোন। ৫০০ মোন এইরূপ।

৩ দফা। এক্ষণে যে প্রকারে ও যে দলিলে নমক ওজন দেওয়া যাইতেছে তদনুরূপে এই ইশ্‌তেহারের সম্বলিত ফর্দ্দের লিখিত নানা ঘাট ও গোলাহইতে নমক দেওয়া যাইবেক।

৪ দফা। যে ঘাট ও যে গোলাহইতে যে যে রকম নমক দেওয়া যাইবেক তাহার প্রত্যেকের দর এই ইশ্‌তেহারের সম্বলিত ফর্দ্দে বেওরাপূর্ব্বক লেখা গেল।

৫ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট অথবা গোলাহইতে নমক ক্রয় করিতে বাঞ্ছা করিবেক তাহারদিগকে এই ইশ্‌তেহারের সম্বলিত ফর্দ্দের লিখিত দরে ঐ নমকের কিম্মতের টাকা জেনরল ত্রেজুরীতে দাখিল করিতে হইবেক পরে ঐ টাকার বাবৎ সব ত্রেজুরর সাহেবের রসীদ বোর্ড পরমিট ও নমক ও আফীনের দপ্তরখানায় এক দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক ঐ দরখাস্তে যত নমক দরকার ও যে জিলা ও যে ঘাটহইতে নমক ওজন দেওয়া যাইবেক তাহার আইন লিখিতে হইবেক ইহাতে শরত এই যে যদি ঐ উক্ত ঘাট কম্বা গোলায় ঐ দরখাস্তের লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্তকর্ত্তা সেই জিলার সাল্‌ট এজেণ্ট সাহেবের উপর অথবা সালিখ্যার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের উপর ঐ খরিদা নমক দেওনের নিমিত্তে এক হুকুম পাইবেক। সেই হুকুমের সম্বলিত ঐ নমকের হেফাজাতের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেক। এবং সেই দলিল এইক্ষণে যে প্রকারে ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হইবেক। যদ্যপি গোলায় যে নমক মৌজুদ আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত পাওয়া যায় তবে যাহারদিগের নিকট সবত্রেজুরর সাহেবের দত্ত আগের নম্বরের রসীদ থাকিবেক তাহারদিগের দরখাস্ত আগে গ্রাহ্য হইবেক। আর নমক দেওনের নিমিত্তে বোর্ডের হুকুমের তারিখঅবধি তিন মাসের মধ্যে যদি ঐ নমক গোলাহইতে খালাস না হয় তবে এক্ষণে যে প্রকার গোলাভাড়া ও শুক্তি দিতে হয় সেইরূপ দিতে হইবেক। অর্থাৎ দরমাহা ফিশত মোনে ১ টাকার হিসাবে লাগিবেক।

৬ দফা। দুই মাস পূর্ব্বে ইশ্‌তেহার না দিয়া গবর্ণমেণ্ট কোন প্রকারে এই ইশ্‌তেহারের ফর্দ্দের লিখিত কোন ঘাটের অথবা গোলায় মৌজুদ নমকের দর কমী করিবেন না।

৭ দফা। সরকারী গোলাহইতে যে সকল নমক বিক্রয় হয় তাহার দর কমীর বাবত ইশ্‌তেহার কলিকাতা গেজেটনামক ছাপার কাগজে প্রকাশিত হইবেক এবং তাহার নকল যং২ সরকারি ঘাটে ও গোলাহইতে নমক দেওয়া যায় তথায় ও বোর্ডের দপ্তরখানায় এবং তাবৎ সাল্‌ট এজেণ্ট ও নমক চৌকিয়াতের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কাছারীতে লটকান যাইবেক।

৮ দফা। নীলামে নমক বিক্রয়করণের রীতি পুনশ্চ স্থাপিতকরণের আবশ্যকতা হইবেক এমত কোন প্রকারেই গবর্ণমেণ্টের অনুমান হয় না যদিস্যাৎ ঐ রীতি পুনঃস্থাপন নিতান্তই আবশ্যক হয় তবে ছয় মাস পূর্ব্বে ঐ বিষয়ের ইশ্‌তেহার দেওয়া যাইবেক এবং ঐ ইশ্‌তেহারে প্রত্যেক রকম নমক যাহা ইশ্‌তেহারের তারিখহইতে ছয় মাসের পর নীলামে বিক্রয়ের নিমিত্ত ধরা যাইবেক তাহার ফি শত মোনের নিরিখ দর লিখিত হইবেক।

৯ দফা। ইহার পূর্ব্বে নীলামে বিক্রীত নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল যেরূপে খাটিত তত্তুল্যরূপে এই ইশতেহারের দ্বারা যে নমক খোসসওদায় বিক্রয় হইবেক তাহারো প্রতি ঐ সকল আইনের হুকুম খাটিবেক।

১০ দফা। অধিকন্তু জ্ঞাত করা যাইতেছে যে যে নমক সন হালের ১ মার্চ তারিখের পূর্ব্বে সরকারি প্রকাশ্য নীলামে খরিদারান খরিদ করিয়াছে তাহার আমানত পেশগি অথবা কিম্মতের টাকা বাকী থাকে তবে তাহা নিয়মানুসারে সানি নীলামে বিক্রয় করা যাইবেক। এই ইশতেহারের উপরের লিখিত শরুত দ্বারা কোন মতে ঐ সানি নীলামের ব্যাঘাত কিম্বা সাবেক নীলামের শরুত আমলে আনিবার প্রতিবন্ধকতা উপলব্ধি হইবেক না।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফিন ইতি তাং ২৩ মার্চ সন ১৮৩৬ সাল।

**S. G. PALMER,**
*Acting Secretary.*

---

নীচের লিখিত ঘাটহায় ও গোলাহায়ে নমক মৌজুদ থাকিলে যেপ্রকার নির্দ্ধারিত দরে নমক পাওয়া যাইবেক তাহার তফসীল।

জিলা হিজলির এজেন্সী।

৮২ সিক্কার ওজনে ফি সের ও ৪০ সেরে ফি মোন এই হিসাবে ১০০ মোনের দর।

| | কোং টাকা |
|---|---|
| রসুলপুর | ৪১৭ |
| কালীনগর | ৪২১ |
| মাদাখালি | ১১৬ |

## ইশতেহার।

| | |
|---|---|
| গুপিনগর | ৪৪৩ |
| কৃষ্ণনগর | ৪৩৭ |
| তেরপাইকা | ৪৪৩ |
| খোলাখালী | ৪২৯ |
| রামনগর | ৪১৬ |
| নাফরী | ৩৮৫ |

জিলা তমোলুকের এজেন্সী।

| | |
|---|---|
| নারায়ণপুর | ৪৩৪ |
| শিউড়িয়া | ৪৪১ |
| সামপুর | ৪৩৯ |

জিলা চব্বিশপরগনার এজেন্সী।

| | |
|---|---|
| ধসা বাহারবুনী | ৪৪৮ |
| দেশী | ৪৩৭ |

জিলা যশোহরের এজেন্সী।

| | |
|---|---|
| বাগুণ্ডী | ৪৩৬ |

জিলা ভুলুয়া এজেন্সী।

| | |
|---|---|
| গোপালপুর | ৪১৬ |
| সন্দীপ | ৪১৬ |
| হাতিয়া | ৪২৭ |
| সাগরদী | ৪২৭ |
| দক্ষিণ শাহাবাজপুর | ৪২৭ |
| ধনিয়া মনিয়া | ৪২৭ |

জিলা চট্টগ্রাম এজেন্সী।

| | |
|---|---|
| নেজামপুর মবারকঘনা | ৪১৬ |
| ভগবানপুর | ৪২৭ |
| জুলদিয়া | ৪৩৭ |
| বাহিরচর | ৪২৭ |
| খরসকুল | ৪২৭ |
| আরাকানের নমক বাবতে ১৮৩৩। ৩৪। ৩৫ | ৪২৭ |

সালিখাগোলা।

| | |
|---|---|
| কটক পাঙ্গা বাবতে ১২৪০ সাল | ৪৬৫ |
| খোরাদা ঐ ১২৪০ সাল | ৪৬৯ |
| বালেশ্বর ঐ ১২৪০ সাল | ৪৬৪ |
| মান্দ্রাজ পরিমিট ঐ ১৮৩৩। ৩৪ সাল | ৪০৫ |
| বোম্বাই নমক ১৮৩৩। ৩৪ সাল | ৩৯৫ |
| বসরা নমক ১৮৩৪। ৩৫ সাল | ৪১৬ |
| সৈলান নমক ১৮৩৩। ৩৪ সাল | ৩৯৫ |
| মক্কা নমক ১৮৩। ৩৬ সাল | ৪১১ |
| লেবরপুল নমক | ৪২৭ |
| সৈন্ধব লবণ | ৪২৭ |
| আবরা নমক | ৩৭৩ |

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফীন ২৩ মার্চ সন ১৮৩৬ সাল মং ১২৪০ সাল বাং তাং ১২ চৈত্র।

**S. G. PALMER,**
*Acting Secretary.*

---

## ভুবন প্রকাশ।

পুরাণাদি নানা শাস্ত্রের বচন ও বচনার্থ বঙ্গভাষাতে রচিত ভুবনপ্রকাশ গ্রন্থ দর্পণ যন্ত্রে মুদ্রিত হইয়াছে ঐ গ্রন্থে ভগবদ্ভক্তিপ্রকাশক অনেক ইতিহাস আছে এবং ব্রহ্মাণ্ড ও তন্মধ্যবর্ত্তি চতুর্দ্দশভুবন বিস্তারিতরূপে বর্ণিত আছে ও ঐ গ্রন্থ দুই খণ্ডে প্রায় দুই শত পৃষ্ঠাতে সমপূর্ণ হয়। তাহা গ্রহণার্থ দুই শত মহাশয়েরা স্বাক্ষর করিয়াছেন এবং যাঁহার গ্রহণেচ্ছা হয়

## ইশতেহার।

শ্রীরামপুরের ছাপাখানায় আইলেই পাইবেন। প্রত্যেক খণ্ডের মূল্য ১ টাকা।

---

## ইশতেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ জুলাই তারিখে চব্বিলপরগনার কালেক্‌টরী আফিসে কোম্পানি বাহাদুরের বারইপুরস্থ কাছারীবাটী ও ভূমি নীলামে বিক্রীত হইবেক।

---

খোসকবালায় বিক্রয়।

ইনশালবেণ্টের আসৈনিকর্ত্তৃক খোসকবালায় নীচে লিখিতব্য বিষয় বিক্রয় হইবে।

কলিকাতা শহরের আহীরীটোলায় যে খণ্ড ভূমি ইহার পূর্ব্বে ৺ প্রাপ্ত দেবীচরণ ঘোষের পুত্র ইনশালবেণ্ট হরশঙ্কর ঘোষ ও তাঁহার পৌত্র রাজকিশোর ঘোষের ছিল ঐ ভূমি কমবেশ ৫।৪ পাঁচ বিঘা চারি কাঠা আছে এবং তাহা যে ব্যক্তি খরীদ করিতে চাহেন তাঁহার ইচ্ছানুসারে এক লাটে বা খণ্ড২ রূপে বিক্রয় হইবে। ইহার বেওয়া আসৈনি শ্রীযুত উলিয়ম স্মিথ সাহেবের স্থানে গার্ষ্টিন প্লেসে অথবা বড় বাজারের প্রাণকৃষ্ণ লার স্থানে জিজ্ঞাসা করিলে জানিতে পারিবেন।

---

## সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ১৪ জুলাই বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মৃত রায় গিরিধারীলাল বাহাদুরের বিধবা শ্রীমতী উমাকুমারী বিবির বিরুদ্ধে ফাই রাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা ভগলপুরে চই পরগনার সনবিরাসের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক অথবা জমীদারী নিজ সনবিরা ও শিবপুর ও মথুরাপুর ও মেজমা ও ববলাবপুর তাহার অর্দ্ধেক অংশেতে ও তাহার অর্দ্ধেক অংশের মধ্যে ও তাহার অর্দ্ধেক অংশের উপর পূর্ব্বোক্ত আসামী মৃত গিরিধারীলাল বাহাদুরের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

---

## মহাভারত।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে কাশীদাসরচিত অষ্টাদশপর্ব্ব মহাভারত উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে সুপণ্ডিতকর্ত্তৃক সংশোধনপূর্ব্বক মুদ্রাঙ্কিত হইতেছে। ঐ

গ্রন্থ দুই বালমে প্রস্তুত হইবে। মূল্য ১০ টাকা স্থির করা গিয়াছে ইতি।

---

### সটীকমনুঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

কুল্লূকভট্টটীকাসহিত মনুসংহিতা।

শ্রীরামপুরের উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইয়াছে মূল্য ৪ চারি টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লাল গির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন ইতি।

---

### রামায়ণ।

সর্ব্বজন জ্ঞাতকারণ এই বিজ্ঞাপন পত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে

সপ্তকাণ্ড রামায়ণ।

শ্রীরামপুরের উত্তম কাগজে উত্তম বাঙ্গলা অক্ষরে মহাকবি কৃত্তিবাসঃপণ্ডিতরচিত সপ্ত কাণ্ড রামায়ণ মুদ্রাঙ্কিতোত্তর জেল্‌দবন্দি হইয়া ৩ বালমে প্রস্তুত হইয়াছে সমুদায়ের মূল্য ৮ টাকা স্থির করা গিয়াছে। যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানায় অথবা কলিকাতা নগরে লালগির্জার নিকটে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন। যে মহাশয়েরা পূর্ব্বে যে দুই তিন কাণ্ড যে মূল্যে লইয়াছেন তাঁহারদিগকে অবশিষ্ট কাণ্ড সকল ৮ টাকা মূল্যের হিসাবে দেওয়া যাইবে কেবল জেল্‌দের খরচ ১ টাকামাত্র অধিক লাগিবে।

---

### অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতিঃ।

সর্ব্বজনের জ্ঞাত কারণ এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

শ্রীরামপুরের ছাপাখানাতে উত্তম কাগজে ও উত্তম বাঙ্গলা অক্ষরে শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিত অষ্টাবিংশতিতত্ত্বস্মৃতি মুদ্রাঙ্কিতকরণ সমাপ্ত হইয়াছে তন্মধ্যে তিথি। শ্রাদ্ধ। অহ্নিকাচার। প্রায়শ্চিত্ত। জ্যোতিষ। মলমাস। সংস্কারতত্ত্ব মুদ্রাঙ্কিতোত্তর প্রথম ভাগ জেল্‌দবন্দি হইয়া প্রকাশ হইল মূল্য ৫ পাঁচ টাকা স্থির করা গিয়াছে। দ্বিতীয় ভাগে অবশিষ্ট তত্ত্বসকল সমাপ্ত হইয়াছে তন্মূল্যও ৫ পাঁচ টাকা স্থির হইয়াছে। এইক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ যে মহাশয়ের গ্রহণেচ্ছা হয় তিনি শ্রীরামপুরের ছাপাখানাতে অথবা কলিকাতা নগরে লালগির্জার সম্মুখে এখানকার কেতাবের গুদামে লোক প্রেরণ করিলে পাইবেন।

---

### বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইয়াছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসার শেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গবর্ণমেণ্টকর্তৃক যে সকল আইনপ্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্টহয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

ফোর্ট উলিয়ম লেজিসলেটিব ডিপার্টমেণ্ট

১৮৩৬ সালের ২৩ মে।

১৮৩৬ সালের ২৩ মে তারিখে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে আক্‌ট জারী করিলেন তাহা সর্ব্বসাধারণ লোকের জ্ঞাপনার্থ প্রকাশ হইল।

১৮৩৬ সালের ১৩ আক্‌ট।

১। ১৮৩৮ সালের ১ জানুআরি তারিখঅবধি কলিকাতার সিক্কা টাকা কোন কর্জ পরিশোধকরণার্থ দিতে প্রস্তাব হইলে তাহা গ্রাহ্য হইবে না কিন্তু ভূমির রাজস্বের কালেক্‌টর ও অন্যান্য সরকারী তহবীলে তাহা রূপার ওজনে লওয়া যাইবে কেবল তাহা পুনর্মুদ্রিতকরণার্থ শতকরা ১ টাকা মজুরী বলিয়া লওয়া যাইবে।

২। এবং হুকুম হইল যে ১৮৩৬ সালের ১ জুন তারিখঅবধি বঙ্গাদি দেশের চলিত আইনের ১৮১৭ সালের ২৫ আইনের ৫ ধারাতে যে বিধান লেখা আছে অর্থাৎ ১৮০৯ সালের ১০ আইন ও ১৮১৪ সালের ৭ আইন ও ১৮১৬ সালের ২১ আইনের বিধ্যনুসারে বারাণস ও ফররোখাবাদের টাক্‌শালে যে পয়সা মুদ্রিত হয় তাহা কলিকাতার টাক্‌শালের পয়সার তুল্য বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার মধ্যে চলন হইবে এবং তাহা অপূর্ণ টাকাতে ১৬ গণ্ডা হিসাবে সর্ব্বত্র গ্রাহ্য হইবে এই আইন রদ হইল এবং বারাণসী ও ফররোখাবাদী পয়সা ১৮০৯ সালের ১০ আইন ও ১৮১৪ সালের ৭ আইন ও ১৮১৬ সালের ২১ আইনের বিধ্যনুসারে যে প্রদেশের নিমিত্ত মুদ্রিত হইয়াছিল কেবল সেই প্রদেশে চলন হইবে।

উলিয়ম হে মাকনাটন

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

ফোর্ট উলিয়ম ফিনন্সিয়ল ডিপার্টমেণ্ট

১৮৩৬ সালের ২৩ মে।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে উক্ত তারিখে এক আইন প্রকাশ করিয়া এই হুকুম দিয়াছেন যে ১৮৩৮ সালের ১ জানুআরি তারিখঅবধি কোন ঋণ বা কোন দাওয়া পরিশোধকরণার্থ কলিকাতার সিক্কা টাকা চলিবে না কিন্তু সরকারী নানা কোষে তাহা রূপার ওজন হিসাবে পুনর্মুদ্রিতকরণের খরচা বাবতে শতকরা ১ টাকা বাদ দিয়া লওয়া যাইবে। অতএব এইক্ষণে হুকুম দেওয়া যাইতেছে যে কলিকাতার সিক্কা টাকা যাঁহারদের স্থানে আছে তাঁহারা উক্ত তারিখপর্য্যন্ত কলিকাতার জেনরল ত্রেজুরীতে তাহা লইয়া গেলে তৎপরিবর্ত্তে ১৮৩৫ সালের ১৭ নং আক্‌টের বিধানক্রমে মুদ্রিত নূতন অর্থাৎ কোম্পানির টাকা পাইবেন বিশেষতঃ কলিকাতার সিক্কা টাকা ওজনে কম না হইলে ১৫ টাকার পরিবর্ত্তে কোম্পানির নূতন ১৬ টাকা পাইবেন। রাজস্বের কালেক্‌টর সাহেবেরা যে এতদ্রূপ পরিবর্ত্তন করিতে পারেন কলিকাতায় এমত উপায় করা যাইবে এবং প্রত্যেক জিলার কালেক্‌টর সাহেবের রাজকোষে যে দিবসঅবধি এইরূপে টাকার পরিবর্ত্তন আরম্ভ হইবে তাহার এত্তেলা সর্ব্বত্র ঘোষণা করা যাইবে। তিন মাসের কম মিয়াদে কোন স্থানে ঘোষণা করা যাইবে না।

বঙ্গ দেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশ হইল।

এচ টি প্রিন্সেপ

গবর্ণমেণ্টের সেক্রেটরী।

---

ফোর্ট উলিয়ম ফিনন্সিয়ল ডিপার্টমেণ্ট

১৮৩৬ সালের ২৩ মে।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ১৮১৭ সা

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
*23d May*, 1836.

The following Act, passed by the Right Honourable the Governor General of India in Council, on the 23d May 1836, is hereby promulgated for general information:

ACT, No. XIII. OF 1836.

I. It is hereby enacted, that from the 1st January 1838, the Calcutta Sicca Rupee shall cease to be a legal tender in discharge of any debt, but shall be received by the Collectors of Land Revenue, and at all other Public Treasuries by weight, and subject to a charge of 1 per cent. for re-coinage.

II. And it is hereby enacted, that from the 1st of June 1836, Section V., Regulation XXV. 1817, of the Bengal Code, which provides that "the Pice struck at the Mints of Benares and Furruckabad agreeably to the provisions of Regulation X. 1809 and Regulation VII. 1814, and Regulation XXI. 1816, shall be considered as circulating equally with the Pice of Calcutta coinage throughout the Provinces of Bengal, Behar and Orissa, and shall in like manner be received as a legal tender in payment of the fractional parts of a Rupee of the Local currency at the rate of Sixty-four Pice for each Rupee," shall be repealed—and the said Pice shall be a legal tender only within the Provinces and Places for which they were respectively coined, as provided by Regulation X. 1809, Regulation VII. 1814, and Regulation XXI. 1816 respectively.

W. H. MACNAGHTEN,
*Sec. to the Govt. of India.*

---

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
*23d May*, 1836.

The Right Honourable the Governor General of India in Council having this day passed an Act, whereby it is declared that after the 1st January 1838, the Calcutta Sicca Rupee shall cease to be a legal Tender in payment of any debt or demand, but shall be received at the Public Treasuries as Bullion by weight and subject to a seignorage duty of 1 per cent. to pay the expence of recoinage—Notice is hereby given, that the holders of Calcutta Sicca Rupees shall be entitled until the said date to pay the same into the General Treasury of Calcutta, and to receive in exchange new or Company's Rupees coined under the provisions of the Act, No. XVII. of 1835, at the rate of 16 new or Company's Rupees for every 15 Calcutta Sicca Rupees of due weight. The Collectors of Land Revenue will be furnished with the means of similarly exchanging Calcutta Sicca Rupees for new Rupees, and Notice will be given by the Collector in each District of the date from which the exchange will commence at his Treasury. The period to be allowed being in no instance less than three months.

Published by Order of the Right Honourable the Governor of Bengal,

H. T. PRINSEP,
*Sec. to the Govt. of Bengal.*

---

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
*23d May*, 1836.

The Right Honourable the Governor General of India in Council having re-

লের ২৫ আইনের ৫ ধারার যে বিধানে সুবে বাঙ্গালা ও বেহারে বারাণসীর ত্রিশূলি পয়সা টাকায় ১৬ গণ্ডা হিসাবে চলন হইতে অনুমতি দেওয়া গিয়াছিল তাহারহিত করাতে এইক্ষণে ঐ ত্রিশূলি পয়সা যাঁহারদের স্থানে থাকে তাঁহারদিগকে এত্তেলা দেওয়া যাইতেছে যে ঐ পয়সা যদি প্রকৃত ওজন থাকে ও স্পষ্টতঃ কৃত্রিম না হয় তবে আগামি ১ জুলাইপর্য্যন্ত তাহা কলিকাতার টাক্‌শালে দাখিল করিলে ৭২০ ত্রিশূলি পয়সার পরিবর্ত্তে ১৮৩৫ সালের ২১ আইনঅনুসারে মুদ্রিত নূতন কোম্পানির পয়সা ৬৪০ পাইবেন কিন্তু টাক্‌শালের অধ্যক্ষেরা উপরিউক্ত মতে এককালে ১০ টাকার কম হইলে বদল লইবেন না এবং যে পয়সা ওজনে কম থাকে অথবা তাহাতে হরফের কিছু বৈলক্ষণ্য থাকে অথবা যে পয়সা গবর্ণমেণ্টের টাক্‌শালে মুদ্রিত হয় নাইস্পষ্ট বোধ হয় এমত পয়সা তাঁহারা কৃত্রিম বলিয়া হেয় করিতে পারিবেন।

বঙ্গ দেশের শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুরের আজ্ঞাক্রমে প্রকাশিত।

এচ টি প্রিন্সেপ
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

## রাজকর্ম্মে নিয়োগ।

১১ মে ১৮৩৬।

ডেপুটি মাষ্টর আটেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান জান কলি সাহেব পরলোকগত হওয়াতে সুবে বাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

যে শ্রীযুত কাপ্তান টি টি হারিংটন সাহেব ছুটি লইয়া বিলাত গমন করিয়াছেন তিনি মাষ্টর আটেণ্ডেণ্টের প্রধান আসিষ্টাণ্ট হইয়াছেন।

শ্রীযুত কাপ্তান এ বি ক্লাপর্টন সাহেব তাঁহার দ্বিতীয় আসিষ্টাণ্ট হইয়াছেন এবং শ্রীযুত কাপ্তান হারিংটন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত প্রধান আসিষ্টাণ্টের কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৭ মে।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

হিজলির জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত জে কে ইউয়ার্ট সাহেব গত জানুআরি মাসের ২৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে কলিকাতায় আগমনার্থ আগামি মাসের ১১ তারিখপর্য্যন্তের ছুটি পাইয়াছেন।

১১ সংখ্যক অর্থাৎ পাটনা প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টাণ্ট শ্রীযুত আর ডবলিউ হিউস সাহেব গত সেপ্তেম্বর মাসের ২৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১০ তারিখপর্য্যন্তের ছুটি পাইয়াছেন।

চব্বিশ পরগনার সদর আমীন শ্রীযুত চন্দ্রশেখর চৌধুরী দশ দিবসের ছুটি পাইয়াছেন।

সুবেবাঙ্গলার শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর অদ্য চব্বিশ পরগনার জিলা কোর্টে ক্ষমতাপন্ন উকীলেরদের মনোনীতকরণ ও মিহনতআনা দেওনবিষয়ক ১৮৩৩ সালের ১২ আইনের নিয়মসকল চলন করিতে হুকুম দিলেন।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জে কে ইউয়াট সাহেব কটকের দক্ষিণ প্রদেশের জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

৬ মে।

শ্রীলশ্রীযুত লেপ্তেন্ত গবর্নর্ সাহেব ১১ সংখ্যক অর্থাৎ মিরট প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনরের আসিষ্টাণ্টী পদে শ্রীযুত সি ডবলিউ ফেগান সাহেবকে নিযুক্ত করিয়াছেন।

pealed Section V. Regulation XXV. 1817, under which the privilege of circulation in Bengal and Behar at the rate of 64 Pice to the Local Rupee was given to the Trisoolee Pice of Benares, it is hereby notified to the holders of Pice of this description, that on delivery of the same at the Calcutta Mint if of proper weight and not manifestly spurious, they shall receive for every 720 Pice paid in 640 new Company's Pice, coined under the Act No. XXI. of 1835 until the 1st July next, but the Mint Officers will not receive Pice in smaller quantities than above stated, that is, of the value of Ten Rupees for each exchange, and they shall be at liberty to reject as spurious any Pice not of due weight and device, or manifestly not coined at a Government Mint.

Published by Order of the Right Honourable the Governor of Rengal,

H. T. PRINSEP,
*Sec to the Govt. of Bengal.*

## Civil Appointments.

*11th May, 1836.*

In consequence of the demise of Captain John Collie, Deputy Master Attendant, the Right Honourable the Governor of Bengal is pleased to make the following appointments :

Captain T. T. Harington (on leave to Europe) to be Head Assistant to the Master Attendant.

Captain A. B. Clapperton to be 2d Assistant to ditto, and to officiate as Head Assistant during Captain Harington's absence.

*17th May.*

The following officers have obtained leave of absence from their stations :

Mr. J. K. Ewart, Joint Magistrate and Deputy Collector of Hidgelee, to the 11th proximo, to visit Calcutta, on private affairs, in extension of the leave granted to him on the 12th January last.

Mr. R. W. Hughes, Assistant under the Commissioner of Revenue and Circuit of the 11th or Patna Division, to the 10th instant, on private affairs, in extension of the leave granted to him on the 29th September last.

Chunder Shikhur Chowdry, the Sudder Ameen in the 24-Pergunnahs, for ten days.

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to extend the Provisions of Regulation XII. of 1833, regarding the selection, appointment and remuneration of authorized Pleaders to the Zillah Court of the 24-Pergunnahs.

*19th May.*

The Right Honourable the Governor of Bengal has been pleased to make the following appointment :

Mr. J. K. Ewart to officiate as Joint Magistrate and Deputy Collector of the Southern Division of Cuttack.

*6th May.*

The Honourable the Lieutenant Governor is pleased to appoint Mr. C. W. Fagan to be an Assistant under the Commissioner of Revenue and Circuit of the 1st or Meerut Division.

### অনুগ্রহ স্বীকার।

আমরা দর্পণের মূল্য বীরভূমির শ্রীযুত বাবু বিশ্বম্ভর সিংহের প্রেরিত ১৬ টাকা পাইয়া অনুগ্রহ স্বীকার করিলাম ইহার পূর্ব্বে আমরা লিখিয়াছি যে ১ জানুআরি অবধি দর্পণের মূল্য নূতন টাকাতে নির্দ্দিষ্ট করা গেল।

নেপালহইতে খারদার কারবির ক্ষেত্রের পত্র পাওয়া গিয়াছে তিনি তাহাতে যে বিষয় লিখিয়াছেন তাহাতে মনোযোগ হইবে।

# সমাচার দর্পণ

শনিবার ২৮ মে ১৮৩৬।

### কালীঘাটের দৌরাত্ম্য।

আমরা অবগত হইলাম যে কালীঘাটের অত্যাচারবিষয়ক যে জনরব হইয়াছিল তদ্বিষয় তজবীজ করাতে এই ফল দৃষ্ট হইতেছে যে ঐ স্থানে কোনপ্রকারে খুন হয় নাই এবং কোন কারণপ্রযুক্ত কাহারো প্রাণহানি হয় নাই। নরবলিবিষয়ক যে জনশ্রুতি রাষ্ট্র হইয়াছিল সে নিতান্তই অমূলক বোধ হয় অথবা নীচে লিখিতব্য যে বিবরণ ব্যক্ত হইয়াছে তাহা আতিশয্যরূপেই বর্ণিত হইয়া তদ্রূপ জনরব প্রচার হয়।

রাজা অথর সিংহ সাক্ষ্য দিয়াছেন যে তিনি যে সময়ে ঐ স্থানে পূজাদি করিতেছিলেন তৎসময়ে ঐ দেবালয়ের এক জন যাজক গিরিশ হালদার মদ্যপান করিয়া তাঁহার প্রতি আক্রমণ করিলেন ঐ হালদার হস্তস্থ ছুরীর দ্বারা তাঁহাকে কাটিতে উদ্যত হইয়াছিলেন। রাজা অনেক কুস্তাকুস্তিকরত কালীর আশ্চর্য্য মাহাত্ম্য ও সৌভাগ্যক্রমে ঐ মাতোয়ালার হাতহইতে ছুরী কাড়িয়া লইলেন। কিন্তু কিঞ্চিৎ ভীত হইয়া তৎসময়ে নালিস করিলেন না। ঐ গোস্বামি রাজার এই কথা অন্যান্য লোকের সাক্ষ্যদ্বারা সপ্রমাণ হইল। যেহেতুক সাক্ষিরা দেখিয়াছিল যে তিনি ঐ রাত্রি দুই প্রহর সময়ে বৈকল্যে ইতস্ততো ধাবমান হইয়া সাহায্যার্থ লোক ডাকিতেছেন। হালদার কহিলেন এ সকলই মিথ্যা। গোস্বামিকে খুন করিতে হালদারের যে উদ্যোগ ও অভিপ্রায় ছিল মাজিস্ত্রেট সাহেব ইহার প্রচুর প্রমাণ জ্ঞান না করিয়া তাঁহাকে কোন দণ্ড করিলেন না। কেবল তজবীজকরণসময়ে কিছুকাল কয়েদকরত বিলক্ষণ চেতাইয়া ছাড়িয়া দিলেন।

দ্বিতীয় বিষয় এই যে এক জন জালিয়ার অর্দ্ধবয়স্কা স্ত্রী ঐ হালদারের স্থানে কিছু টাকা কর্জ করিয়াছিল পরে অতি ভারি সুদসমেত ঐ টাকা পরিশোধ করে কিন্তু হালদার অতিরিক্ত ও অন্যায় সুদ দাওয়া করাতে তাহা দিতে স্বীকৃত না হওয়াতে ঐ স্ত্রীকে অতিনির্দ্দয়তারূপ প্রহার করেন। বিশেষতঃ ঐ অতিবেজায় সুদ না দেওয়াতে অত্যন্ত নির্লজ্জতা ও নিদারুণরূপে তাহাকে বন্ধনকরত ঘোরতর যন্ত্রণা দিলেন। অনন্তর ঐ স্ত্রী পলাইয়া থানায় গিয়া রক্ষা পাইল এবং তাহার প্রমাণেতে ঐ অপরাধি ব্যক্তির কঠিন পরিশ্রমযুক্ত ছয় মাস কয়েদ বা কঠিন পরিশ্রমের পরিবর্ত্তে ১০০ টাকা গুনাহগারীর হুকুম হইল। কিন্তু তিনি যেরূপ অত্যাচার করেন তদ্দৃষ্টে এই দণ্ড অতিলঘু বোধ হয়।

তৃতীয় বিষয় শ্রীযুত পাদরি জোন্স সাহেবের প্রমাণেতে শুনা গেল তৎসময়ে সাহেব তথায় উপস্থিত ছিলেন। এক জন স্ত্রী ঐ দেবালয়ে পূজার্থ কিঞ্চিৎ সামগ্রী আনিয়াছিল। তাহাতে এক জন পুরুষ ঐ স্ত্রীর অত্যন্ত অপমান করাতে হালদারেরা

### *Acknowledgements.*

We beg leave to acknowledge the receipt of 16 Rs. on account of the Durpun from Baboo Bishumber Singh of Beerbhoom. We have already stated that from the 1st of January last, the subscription to this paper will be in Company's Rupees.

Khardar Karbeer Kheetru's letter from Nepal has been received, and will be attended to.

# SUMACHAR DURPUN.

SATURDAY, 28TH MAY, 1836.

### *Outrages at Kalee Ghaut.*

We understand that the result of the investigation respecting the rumoured outrages at Kalee Ghaut, is that there was no murder of any kind committed, and that no human life was lost from any cause. The story that got abroad about human sacrifices, &c. if it had any foundation in truth, must be regarded as a most exaggerated perversion of the following facts that have been brought to light.

Raja Uthur Singh has deposed, that while engaged in the performance of some religious observance, he was assaulted by a man named Girish Holdar, one of the priests of the temple, in a state of intoxication, the Holdar having a knife in his hand and threatening to kill him; that however in the struggle he, the deponent, had the luck (which he attributes to the miraculous aid of the goddess Kalee) to wrest the knife from the hands of the drunkard, but from motives of policy abstained from making a formal complaint at the time. The Gosain's story was supported by the evidence of persons, who saw him running with a knife and crying for help about twelve o'clock on the night named by him. The Holdar denied the charge in toto, and the evidence of malicious intention or of actual assault, was not considered sufficiently strong to induce the Magistrate to punish him. He got off therefore with a short confinement during the enquiry and a suitable admonition.

The second case was a barbarous piece of cruelty perpetrated by one of the Holdars upon a middle aged woman of the fisherman caste, who had borrowed money of him and repaid it with high interest, but refused to give the exorbitant rate he demanded. In revenge for her obstinacy he had her tied up and tortured in a very brutal manner. She contrived to escape to the Thannah, and upon her evidence the offender was sentenced to six months' imprisonment with labour, or a fine of 100 Rupees in lieu of the latter—a punishment greatly too mild for the outrage as we find it described.

The third case was reported by the Rev. Mr. Jones who happened to be present. This was merely a little disturbance among the bramhuns arising from the Holdars of the temple taking upon themselves to chastise a man who rich-

তাহাকে কিছু দণ্ড করিলেন ইহাতে তত্রস্থ ব্রাহ্মণেরদের মধ্যে কিছু গণ্ডগোল হইল। পরে শ্রীযুত জোন্স সাহেব ও তাঁহার মিত্রেরা তদ্বিষয়ে হস্তক্ষেপ করাতে গোল চুকিয়া গেল।

---

পয়সা দেওন।

ত্রেড আসোসেসিয়ন সংপ্রতি গবর্ণমেণ্টের স্থানে এই প্রার্থনা করিয়াছেন যে সরাফেরদের অন্যায়রূপে টাকা লওন নিবৃত্তি করিতে পারেন এনিমিত্ত পূর্ব্ববৎ তাঁহারা টাকার পরিবর্ত্তে পয়সা দেন। তাঁহারা এইপ্রস্তাব করেন যে শহরের নানা স্থানে টাকা ভঞ্জিতকরণার্থ ১৪ খান দোকান বসান এবং তাহাতে মাসে ৩০০ টাকা করিয়া ব্যয় করেন এতদর্থ তাঁহারা প্রতি দিন তিন হাজার টাকার পয়সা অর্থাৎ ১৯২০০০ পয়সা চাহিলেন কিন্তু গবর্ণমেণ্ট এই নিয়মেতে স্বীকৃত হন নাই যেহেতুক এত খরচ না করিয়া টাকা ভঞ্জিতকরণের অন্যান্য উপায় আছে এবং এত পয়সা ঐ বাণিজ্য সমাজকে প্রতি দিন যোগাইতে হইলে টাকা প্রস্তুত করণের কিছু ব্যাঘাত জন্মে।

---

শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব।

আলাহাবাদহইতে আগত পত্রে লেখে যে শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব জুন মাসের শেষে অথবা জুলাই মাসের প্রথমে বাষ্পীয় জাহাজারোহণে আগ্রাতে গমন করিবেন।

---

রাজা বিজয়গোবিন্দ সিংহকে মুদ্রা প্রদান।

শুনিয়া পরমাপ্যায়িত হইলাম যে আমারদের মিত্র শ্রীযুক্ত রাজা বিজয়গোবিন্দ সিংহকে শ্রীলশ্রীযুক্ত লার্ড অকলণ্ড সালণ্ড এক সুবর্ণ মুদ্রা প্রদান করিয়াছেন ঐ মুদ্রার এক পৃষ্ঠে কোম্পানি বাহাদুরের মোহরের চিহ্ন ও তাহার নিম্নভাগে ইঙ্গরেজী ভাষাতে এই কথা লিখিত আছে যে ভারতবর্ষের শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর লার্ড অকলণ্ড রাজা বিজয় গোবিন্দ সিংহকে যে রাজা বাহাদুর উপাধি প্রদান করিয়াছেন তৎচিহ্ন স্বরূপ এই মুদ্রা প্রদান করিলেন। অপর পৃষ্ঠে দেবনাগর অক্ষরে সংস্কৃত ভাষাতে এই শ্লোক লিখিত আছে।

শাকেশ্বেষুমুনীন্দুভিঃ পরিমিতে রক্ষারতঃ প্রাণিনাং শ্রীমদ্ভারতখণ্ডপালনপটুর্দক্ষো বিপক্ষক্ষয়ে। লাড্গোনর্জনরলবহাদুরপদাসক্তানুরক্তপ্রজঃ শ্রীমজ্জার্য্যকলণ্ড সাহবইহপ্রখ্যাতকীর্ত্তিব্রজঃ॥ শ্রীমদ্বিজয়গোবিন্দসিংহায়েমামদান্মুদা। রাজাবাহাদুরোপাধিবোধিকাং স্বর্ণমুদ্রিকাম্।

---

নূতন তারিফ অর্থাৎ মাসুলের হার।

যে তারিফ অর্থাৎ মাসুলের হার আগামি ১ জুন তারিখে জারী হইবে এবং যাহার পাণ্ডুলেখ্য আমরা সপ্তাহদ্বয় হইল প্রকাশ করিয়াছিলাম তাহা এইক্ষণে লেজিস লেটিব কৌন্সেলে জারী হইয়াছে এবং তাহা কলিকাতা গেজেটে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশ হইয়াছে। কলিকাতা কুরিয়রে লেখে যে এই আইনে যে সকল মতান্তর হইয়াছে সে সমুদায়ই মাঙ্গলিক পক্ষ। প্রধানং মতান্তর বিষয় গত বুধবাসরীয় কুরিয়রে এতদ্রূপে প্রকাশিত হইয়াছে।

আমদানী দ্রব্যের বিষয়ে হুকুম হইয়াছে। কয়লা জ্বালানি কয়লা ইট চাখড়ি পাতর নিষ্করে আমদানী হইতে পারিবে। এবং প্রথম পাণ্ডুলেখ্যে বিদেশীয় অন্যান্য ধাতুরন্যায় বিদেশীয় রাঙ্গ শতকরা যে ৬ ও ১২ টাকা মাসুল নির্দ্দিষ্ট ছিল তাহা মতান্তর হইয়াছে। এইক্ষণে যেরূপ চলিতেছে তদ্রূপে ঐ রাঙ্গ ইঙ্গলণ্ডীয় জাহাজে আমদানী হইলে শতকরা ১০ টাকা মাসুল অন্যান্য জাহাজে ২০ টাকা। ফটকিরি কর্পূর দারুচিনি লবঙ্গ প্রবাল জায়ফল জৈত্রী মরিচ হিঙ্গুল এইক্ষণে শতকরা ১০ ও ২০ টাকা মাসুল নির্দ্দিষ্ট হইয়াছে। পূর্ব্ব পাণ্ডুলেখ্যানুসারে বেতে শতকরা ৩।০ ও ৭ টাকা মাসুল ছিল এইক্ষণে তৎপরিবর্ত্তে ৭॥ ও ১৫ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে। পূর্ব্ব পাণ্ডুলেখ্যানুসারে কাওয়া শতকরা ৫ ও ১০ টাকা ছিল এইক্ষণে ৭॥০ ও ১৫ টাকা হইয়াছে। এবং পূর্ব্ব পাণ্ডুলেখ্য ছাপাকরণে যে দুই অশুদ্ধ ছিল তাহা সংশোধিত হইয়া বিদেশীয় কার্পাস ও রেশমী বস্ত্র ও কার্পাসের সূতাতে বিদেশীয় জাহাজের আমদানীমুখে শতকরা ১২ টাকা ছিল এইক্ষণে ১৪ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে এবং liqueurs এই কথা ছাপাতে যে অশুদ্ধ ছিল তাহা শোধিত হইয়াছে এবং উগ্র সরাপের মাসূল এইরূপে নির্দ্দিষ্ট হইয়াছে যে ঐ সরাপ বোতলে করিয়া আমদানী হইলে ৫ বৃহৎ বোতল ১ এম্পিরিয়ল গালন জ্ঞান করা যাইবে।

রফ্তানী বিষয়ে দৃষ্ট হইল যে বিনা মাসুলে যে সকল জিনিস রফ্তু হইতে পারে তাহার মধ্যে ভারতবর্ষে মুদ্রিত গ্রন্থ এইক্ষণে গণিত হইয়াছে এবং চিনি ও রম্সরাপ ইঙ্গলণ্ডীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডদেশে অথবা ইঙ্গলণ্ডীয়েরদের কোন অধিকারের মধ্যে রফ্তু হইলে মাসুল লাগিবে না সুতরাং ঐ জিনিস ভারতবর্ষের ন্যান্য বন্দরে রফ্তু হইলেও মাসুল হীন হইবে। অন্য স্থানে রফ্তু হইলে শতকরা ৩ ও ৬ টাকা মাসুল লাগিবে। শুনিয়া আপ্যায়িত হইলাম যে সোরার মাসুলের হার শতকরা ৫ ও ১০ টাকা ছিল কিন্তু এইক্ষণে সামান্য জিনিসের মধ্যে গণিত হইয়া তাহাতে ৩ ও ৬ টাকা মাসুল লাগিবে। কেবল শস্যের উপর মাসুল পাণ্ডুলেখ্যে লিখিত অপেক্ষা বর্দ্ধিত হইয়াছে। এইক্ষণে তাহা ইঙ্গলণ্ড দেশে রফ্তু হইলে বস্তা প্রতি /০ অর্থাৎ মোন করা ১০ অর্দ্ধ আনা লাগিবে বিদেশীয় জাহাজের দ্বারা রফ্তু হইলে ইহার দ্বিগুণ লাগিবে। প্রথম পাণ্ডুলেখ্যে শস্যের শতকরা ১ ও ২ টাকা নির্দ্দিষ্ট ছিল।

---

উকীল।

সদর দেওয়ানী আদালতে উকীলেরদের নিয়োগ ও মনোনীতকরণ ও বেতনের বিষয়ে ১৮৩৩ সালের ১২ আইনের যে সকল বিধি আছে তাহা চব্বিশপরগনার মধ্যে চলন হইতে হুকুম হইয়াছে।

---

বরফ।

অবগত হওয়া গেল যে পূর্ব্বে যে বরফ কলিকাতায় পঁহুছিয়াছিল তাহা ওয়ার্শা নামক জাহাজেতে নূতন বরফ যে দিন পঁহুছিল সেই দিবসপর্য্যন্ত টেঁকিল কিন্তু তাহা বিক্রয়েতে লভ্য যত অনুমান হইয়াছিল তত হইল না যেহেতুক বরফেতে পাঁচ হাজার টাকারো ন্যূন আদায় হয় কিন্তু আপল ফলেতে সাত হাজার টাকার অধিক হইয়াছে।

---

যে ওয়ার্শানামক আমেরিকীয় জাহাজ সংপ্রতি এতদ্দেশে পঁহুছিয়াছে তাহাতে ২৫০ টন বরফ বোঝাই আছে এবং শুনা গেল যে তন্মধ্যে ১০০ টন আসিবার সময়ে গলিয়া গিয়াছে অতএব এইক্ষণে ব্যবহারার্থ ১৫০ টন অর্থাৎ ন্যূনাধিক সাড়ে চারি হাজার মোন রক্ষা পাইয়াছে।

---

ly deserved it, for insulting a female who had brought her offering to the shrine. The interposition of Mr. Jones and two friends who accompanied him put an end to the affray.—*Cal. Cour.*

*The Currency.*

The Trade's Association have just asked of Government to continue the supplying of pice to them that they may be enabled to keep down the extortion of the Shroffs. Their proposal was to establish fourteen offices for exchange in different parts of the Town; at an expense of 300 Rupees a month. They also required a supply of 3000 Rupees worth of pice daily, which would have amounted to 1,92,000 pice. Government have declined to sanction the arrangement, partly because, other modes of providing for the exchange, even at less expense, appeared available, and partly because, the supplying of so large a number of pice to the Trade's Association was likely to interfere with the silver coinage.

*Sir Charles Metcalfe.*

It is mentioned in a letter from Allahabad, to be the intention of Sir Charles Metcalfe to proceed to Agra by steam towards the end of June or beginning of July.—*Cal. Cour.*

*Presentation of a Medal to Raja Bejoy Govind Sing.*

We are happy to learn that our friend Raja Bejoy Govind Sing Bahadoor, was presented on Tuesday last, with a gold medal by Lord Auckland. On the obverse side are the armorial bearings of the Honourable Company, and beneath it are the following words in English:—"Presented by the Right Honourable George Lord Auckland, the Governor General of India, to Bejoy Govind Sing, as a token of the titles of Raja and Bahadoor upon him conferred;" and on the reverse are the following words in the Deva Naguree character and the Sungskrit language:—

"In the year 1757, the supporter of the people, the protector of Bharut Khund, the destroyer of enemies, the Governor General, the friend of the subject, George Lord Auckland, renowned for his deeds, presented this golden medal to Bejoy Govind Sing to denote his elevation to the title of Raja and Bahadoor."

*The New Tariff.*

The new Tariff, which is to come into operation on the 1st of June next, and of which we published the draft about a fortnight ago, has passed the Legislative Council, and been published officially in the Calcutta Gazette. The alterations in it, says the Courier, seem to be all on the side of improvement. The chief alterations are thus enumerated in the Courier of Wednesday night.

On Imports.—Coal, Coke, Bricks, Chalk and Stones are declared free. Foreign Tin is taxed 10 per cent. on British bottoms, and 20 per cent. on Foreign bottoms, as at present, instead of 6 and 12 per cent. respectively with other Foreign metals as in the former Draft. Alum, camphor, cassia, cloves, coral, nutmegs and mace, pepper and vermillion are all now rated at 10 and 20 per cent. and rattans at 7½ per cent. and 15 per cent. respectively, instead of being classed among the non-enumerated articles subject to 3½ and 7 per cent. respectively; and coffee is rated at 7½ and 15 per cent. instead of 5 and 10 per cent. respectively. Two former errors of the press are now corrected by the substitution of 14 instead of 12 per cent. as the Foreign bottom duty on Foreign cotton and silk piece goods and cotton twist, and the word liqueurs (wines and liqueurs) for liquors, and the duty on spirits per gallon is defined, when imported in bottles, to be applicable to 5 quart bottles as one imperial gallon.

On Exports.—We are glad to see books printed in India added to the list of free articles,—also sugar and rum exported on British bottoms to the United Kingdom or any British possession, which must of course include the other Presidencies of India. When exported to other places, it remains subject to 3 and 6 per cent. respectively as before proposed. We are also glad to see the rates of duty on saltpetre lowered from 5 and 10 to 3 and 6 per cent. respectively, by its now being classed among the non-enumerated articles so rated. The duty on grain is the only export duty fixed at a higher rate than before, being now rated at 1 anna per bag, or half an anna per maund on British, and double these rates on Foreign bottoms, instead of 1 and 2 per cent. respectively.

*Vakeels.*

Regulation XII. of 1833, regarding the selection, appointment and remuneration of authorized pleaders in the Court of Sudder Dewannee Adawlut, has just been extended to the Zillah Courts of the 24-Pergunnahs.

*Ice.*

We learn that the old cargo of ice lasted till the very day when the *Warsaw* opened her hatches. The gross amount of the sales was far short of what the public supposed, being less than 5000 Rupees for the ice, but more than 7000 Rupees for the apples.

---

The *Warsaw*, which has just come in from America, brings 250 tons of ice, of which 100 tons may have melted on the voyage leaving 150 tons for about 4500 maunds for consumption.

### সিবিলসম্পর্কীয় সাহেবেরদের উপর অভিযোগ।

কলিকাতা রাজধানীর এক সম্বাদ পত্রে সংপ্রতি এমত অভিযোগ হইয়াছিল যে সিবিলসম্পর্কীয় সাহেবেরদের মধ্যে যাঁহারা আদালতের কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহারদের তিন পোয়া লোক কর্জে ডুবিত আছেন তাহাতে এক জন সিবিল সাহেব পশ্চিম প্রদেশে যত সিবিল সাহেবেরা কর্ম্মে নিযুক্ত আছেন তাঁহারদের এক ফর্দ্দ করিয়া লেখেন যে ১০৮ জনের মধ্যে ৮৭ জনের কর্জমাত্র নাই এমত সর্ব্বত্র ব্যক্ত আছে কেবল ১১ জনের কর্জ আছে অবশিষ্ট ১০ জনের বিষয় বিভব কিছু প্রকাশ নাই।

---

### বাষ্পীয় জাহাজ।

যে টেমস্‌নামক লৌহময় বাষ্পীয় জাহাজ গত ২১ আপ্রিলে কলিকাতাহইতে প্রস্থান করে তাহা ১৩ মে তারিখে আলাহাবাদে পঁহুছে। ঐ জাহাজ ৩৪৩ ঘণ্টা বাষ্পের বলে গমন করিল প্রতিদিবস ১৪ ঘণ্টা করিয়া চলিল অতএব অতিপ্রতিকূল বাতাস থাকিতেও কলিকাতাহইতে আলাহাবাদে ১৭ দিবস ৫ ঘণ্টার মধ্যে উত্তীর্ণ হইল।

---

### নীল।

কৃষ্ণনগরহইতে ১৮ মে তারিখের যে সম্বাদ পঁহুছে তাহা অত্যন্তাশুভ। ঐ অঞ্চলের ভাবি নীলবিষয়ে অতিসঙ্কট আছে। প্রায় বৃষ্টি হয় নাই নিম্নভূমিতে যে সকল কুঠী আছে তাহার কার্য্য একেবারে নিবৃত্ত হইয়াছে। ঐ অঞ্চলে যে সকল চারা আছে তাহা ফেব্রুআরি মাসের বপনীয় অত্যন্ত ছোট আর বৃদ্ধিহওনের সময় নাই যেহেতুক ২০জুন তারিখপর্য্যন্ত নীল কাটিতেই হয় এবং গত বৎসরের এমন সময়ে গাছ যত ফুট উচ্চ ছিল এ বৎসরে তত বুরুলও উচ্চ হয় নাই।

---

ত্রিহুতহইতে আগত এক পত্রে লেখে যে অঞ্চলে অদ্যাপি বিন্দুমাত্র পাত হয় নাই অতএব নীলকর সাহেবেরদের অনেক ক্ষতি হইতেছে কিন্তু উত্তরভাগে ভারি বৃষ্টি হইয়াছে তাহাতে অন্যান্য নীলকরেরদের অপেক্ষা তাঁহারদের ভদ্রতা হইয়াছে অতএব এই বৎসরেও ঐ অঞ্চলে সুফসলসম্ভাবনা বোধ হয়।

---

### সর্পাঘাতে দুই ব্যক্তির মৃত্যু।

বালির খালের নিকটবর্ত্তী বাইআইনামক এক স্থানে গত বুধবার রাত্রি যোগে অত্যাশ্চর্য্য দুর্ঘটনা ঘটে। এক ব্রাহ্মণের দুই পুত্র তাঁহার এক বাটীর মধ্যে দুই মহল ছিল কিন্তু তাঁহারা পরস্পর অন্যান্য পরিবারহইতে ভিন্ন২ রূপে বাস করিতেন। তন্মধ্যে কনিষ্ঠ পুত্র যখন মশারি ফেলিয়া নিদ্রিত ছিল তখন এক কালসর্প ঐ কুঠরীতে প্রবেশ করিয়া তাঁহাকে দংশন করিল কিন্তু তাঁহার সঙ্গে যাহারা নিদ্রিত ছিল তাহারদিগকে স্পর্শও করিল না। পরে তথাহইতে প্রায় পাঁচ কাঠা অন্তরিত জ্যেষ্ঠ পুত্রের মহলে ঐ সর্প প্রবেশ করিয়া তাঁহার স্ত্রীকে দংশন করিল। ঐ স্ত্রী স্বীয় সন্তানেরদের সহিত নিদ্রিতা ছিল কিন্তু অন্য কাহাকেও হিংসা করিল না। স্ত্রী সেই রাত্রেই পঞ্চত্ব পাইল বালক বৃহস্পতিবার পূর্ব্বাহ্ণে দেহ ত্যাগ করিল।

---

### ব্লেক সাহেবের পরিবারের নিমিত্ত চাঁদা।

যে ব্লেক সাহেব জয়পুরে হত হইয়াছিলেন তাঁহার দুই পুত্র ও পুত্রেরদের জননীর নিমিত্ত প্রায় ২০০০০ টাকা চাঁদায় সহী হইয়াছে। ঐ চাঁদার মধ্যে কোন২ সহীর টাকা অতিভারি। শ্রীযুত মেজর আলবস সাহেব ১৫০০ টাকা এবং শ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ও শ্রীযুত জর্জ ক্লার্ক সাহেব ও শ্রীযুত ত্রিবিলয়ন সাহেব ইহাঁরা প্রত্যেকে ১০০০ টাকা প্রদান করিয়াছেন।

---

### শ্রীযুত লার্ড বিশোপ সাহেব।

পর্ব্বতহইতে আগত পত্রে লেখে যে শ্রীযুত লার্ড বিসপ সাহেব অদ্যাপি মশহূরে আছেন এবং ঐ স্থানে গির্জাঘর নির্ম্মাণার্থ এক স্থান নির্ণয় করিয়াছেন অতি শীঘ্রই তাহা নির্ম্মাণ হইবে।

---

### লাহোর।

৭ তারিখের লুধিয়ানা আকবরের দ্বারা অবগত হওয়া গেল যে পয়ান খাঁনামক এক জন অতিপ্রধান দস্যু পুনর্ব্বার অতি দৌরাত্ম্য আরম্ভ করিয়াছে। সংপ্রতি তাহার দলের সঙ্গে রাজা রণজিৎ সিংহের সৈন্যেরদের একটা যুদ্ধ হইয়াছিল তাহাতে উভয়পক্ষেরই ১০। ১২ জন করিয়া মারা পড়িয়াছে। এইক্ষণে জমিদারেরা অবাধ্যের ন্যায় ভাব প্রকাশ করিতেছে তাহারদিগকে দমনকরা মহারাজা দুঃসাধ্য বোধ করিতেছেন। মহারাজার সরকারে মোহরনবীসী পদ শূন্যহওয়াতে মহারাজ আজ্ঞা করিয়াছেন যে এই পদ বিক্রয় করিতে হইবে তাহাতে ২৭,০০০ টাকা পর্য্যন্ত ডাক হইয়াছে। যে গুজর সিংহকে মহারাজ কলিকাতায় স্বীয় উকীল স্বরূপে প্রেরণ করিয়াছিলেন তিনি এইক্ষণে মহারাজের নিকটে অত্যন্ত অপ্রিয় হইয়াছেন। এবং মহারাজা ঈদৃশ অনুতাপিত হইয়াছেন যে এমত একটা পাগলকে আপনার প্রতিনিধিস্বরূপ কলিকাতা রাজধানীতে প্রেরণ করিয়াছিলাম। যখন শেষ সম্বাদ আগত হইল তখন ঐ উকীল ও তাঁহার সমভিব্যাহারি লোকেরা অমরেশ্বরে পঁহুছিয়াছিলেন এবং অতিশীঘ্র মহারাজের সঙ্গে সাক্ষাৎ করিবেন। কাশ্মীর দেশের যে মোহন সিংহ অধ্যক্ষের সুনিয়মের দ্বারা ঐ দেশ পুনঃ সমৃদ্ধ হইতেছে তিনি ঐ দেশের শক্ত্যতিক্রমে কর লইবেন না এমত মহারাজ রণজিৎ সিংহকে নিশ্চয় জ্ঞাপন করিয়াছেন।

---

### বোম্বাইস্থ লোকের বদান্যতা।

বোম্বাইনিবাসি কতিপয় লোকের পুনশ্চ অতিবদান্যতার এক বিষয় আমরা আহ্লাদপূর্ব্বক পাঠকবর্গকে জ্ঞাপন করিতেছি।

বোম্বাইর কিল্লার প্রধান দুই দরওজা অতিখর্ব্ব থাকাপ্রযুক্ত কার্য্যে অনেক ব্যাঘাত হইত তাহাতে ইতর লোকেরদের অতিশঙ্কা ছিল। কিন্তু ঐ দরওজা প্রশস্ত করিতে এত অধিক খরচ লাগিত যে তাহা করিতে ঐ গবর্ণমেণ্টের সাধ্য হইত না যেহেতুক কলিকাতার সুপ্রিম গবর্ণমেণ্ট অথবা শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরদের বিশেষ হুকুম না হইলে কোন কার্য্যে ১০,০০০ টাকার অধিক খরচ করিতে পারেন না।

এই অবস্থায় তদ্দেশীয় কতিপয় প্রধান২ ব্যক্তি অগ্রসর হইয়া কহিলেন যে আমরা এই ব্যাপার সম্পাদনার্থ ১২,০০০ টাকা দান করি যদ্যপি অবশিষ্ট ব্যয় গবর্ণমেণ্ট করেন। তাহাতে লেখাপড়া হইয়া তদ্দ্বারা এই ফল হইল যে এইক্ষণে ঐ সঙ্কল্পিত মহাব্যাপারকরণ স্থির হইয়াছে এবং তাহা অতিশীঘ্র আরম্ভ হইবে।

---

### পিনাঙ্গের উৎপাত।

পিনাঙ্গের তাবল্লোক এইক্ষণে এইবিষয়ে কম্পিত কলেবর হইয়াছেন যে ন্যূনাধিক ৫০ খান ক্ষুদ্র জাহাজের এক ভারি বহর ঐ উপদ্বীপের দক্ষিণাংশে দৃষ্ট হইয়াছে। তাহার মধ্যে হাজার বা পনর শত লোক আছে। পীরাকস্থানীয় মুদা

---

### *Debts of the Civil Service.*

A charge having been made in one of the papers of the Presidency, that three-fourths of the Civil Servants, holding Judicial situations, were in debt, a Civilian has drawn up a statement of the Civilians employed in the North Western Provinces, from which in appears that out of 108 functionaries, 87 are generally understood not to be it debt, that 11 are known to be involved, and of 10 others the circumstances are not known.

---

### *Steamers.*

The *Thames* Iron Steamer, which left Calcutta on the 21st April, reached Allahabad on the 13th May, being 343 hours under steam, which, at 14 hours per day is 17 days and 5 hours from Calcutta to Allahabad against strong Westerly winds.

---

### *Indigo.*

The accounts from Kishnaghur to the 18th May, are very gloomy; the prospects are very critical. There has been little or no rain. The low factories are regularly done up. The plant they have is from February sowings and is quite dwarfed. There is no time left for its growth. Manufacturing must open about the 20th of June, and the plant is not now as many inches high as it was feet last year.

---

A letter received to-day from Tirhoot, says—"We have had no rain here at the station or to the Westward of it; so those planters have not a very thriving crop; but to the North they have had heavy rains and have much the advantage over the others, and expect to have a good season this year."—*Cal. Cour.*

---

### *Two persons killed by the bite of a snake.*

At Baeei, near Baloo Khaul, a very singular circumstance occurred on the night of Wednesday last. A bramhun had two sons who had separate quarters in the same compound, but resided apart from each other and from the rest of the family. While asleep, with the curtains down, a snake crept into the apartment of the younger, and stung him without touching others who were asleep with him. From thence the reptile made its way to the elder brother's quarters, which were at a distance of about five cottahs, and stung his wife who was asleep with her children. The snake did not molest any other of the inmates. The *female* died on the same night, and the boy on Thursday morning.—*Scott's Gaz.*

---

### *Subscription for Mr. Blake's family.*

The subscription for Mr. Blake's two children and their mother, already amounts to more than twenty thousand Rupees. Some of the subscriptions are magnificent. Major Alves gives 1500 Rs., Sir Charles Metcalfe, Mr. Geo. Clerke and Mr. Trevelyan, each a 1000 Rs.

---

### *The Lord Bishop.*

By letters from the Hills we learn, that the Lord Bishop of Calcutta still continues at Mussoorie, where he has selected a spot for a Church, which we trust will soon be commenced upon.

---

### *Lahore.*

We learn from the Loodiana Akhbar of the 7th instant, that the celebrated bandit Pian Khan is again committing serious depredations; there has been an encounter between his gang and Runjeet Sing's troops in which ten or twelve men fell on either side. The Zumeendars are beginning to shew a spirit of insubordination which the Muha Raja finds it difficult to repress. The office of keeper of the seals has been put up to sale, and 27,000 Rs. has been offered for it. Goojur Sing, who was Runjeet Sing's Vakeel to Calcutta is in no good odour with his master, who repents of having sent such a fool to represent him. The embassy had, according to the last account, reached Amritsur and was about to proceed to join Runjeet Sing. Mohun Sing, the Nazim of Cashmere, from whose judicious measures much good has resulted, has refused to tax that country beyond what it can bear.

---

### *Liberality of the Natives of Bombay.*

We have much pleasure in drawing the attention of the public to another act of liberality on the part of a few of the native inhabitants of the Island of Bombay.

The narrowness of the two principal gates of the fort has long been a great nuisance, and to the lower classes of natives it has proved even dangerous. The expense of widening the entrance, however, was so great, that little or no prospect existed of any attempt being made towards it by Government, restricted as it is from expending more than the sum of ten thousand rupees upon any one work of public improvement without the sanction of the Supreme Government or the Court of Directors.

In this state of things, some of the leading natives came forward and offered to raise twelve thousand rupees towards the expense of the undertaking, provided Government would advance the remaining sum. A correspondence ensued, and the result is, that the contemplated improvement has been sanctioned, and is about to be commenced.—*Cal. Cour.*

---

### *Penang.*

The settlement of Penang has been thrown into the greatest consternation by the appearance of a numerous flotilla of prows, to the amount of more than fifty, and carrying from 1000 to 1500 men, to the Southward of the Island. The ex-

নামক রাজা কুইডার রাজার সঙ্গে যুদ্ধকরণার্থ ঐ জাহাজ ও লোকসকল প্রস্তুত করিয়াছেন। শেষোক্ত রাজাও ঐ উপদ্বীপের ইতস্ততঃ স্বীয় জাহাজ ও সৈন্য লইয়া ভ্রমণ করিতেছেন। ঐ যুদ্ধ জাহাজ পিনাঙ্গের প্রাতিকূল্যে যুদ্ধার্থ উপস্থিত এমত নহে কিন্তু ভয় হইতেছে কি জানি ঐ রাজা আপন অধীনে এত লোক দেখিয়া ঐ উপদ্বীপের প্রতি আক্রমণপূর্ব্বক লুঠ করেন।

তাহাতে অতিত্বরায় শিঙ্গাপুরস্থ বাদশাহের উল্‌ফনামক জাহাজ তথায় পঁহুছিতে লেখা গিয়াছে এবং ঐ উপদ্বীপের শ্রীযুত সরিফ সাহেব ঐ স্থাননিবাসি লোকেরদিগকে এ নিমিত্ত আহ্বান করিয়াছেন যে তাঁহারা আপনারদের প্রাণধন রক্ষণার্থ উপায় স্থির করেন।

পারস দেশ।

পারস দেশহইতে ৫ মার্চ তারিখের যে সম্বাদ পঁহুছিয়াছে তাহা তাদৃশ সন্তোষকর নহে। তত্রত্য লোকসকল অন্যায়গ্রস্ত ও রাজশাসনে বিরক্ত আছে। কাহারো প্রতি রাজার বিশ্বাস নাই তাঁহার সৈন্যসকল অতিলক্ষ্মীছাড়া অসুশিক্ষিত তথাপি শাহ এই স্থির করিয়াছেন যে আপ্রিল মাসে লক্ষ সৈন্য লইয়া হিরাটের প্রাতিকূল্যে গমন করিবেন। যদ্যপি তিনি হিরাট অধিকার করেন তবে আপগানীয় দেশ রুসীয়েরদের গোয়েন্দা ও মোখ্তারেতে পরিপূর্ণ হইবে এবং ভারতবর্ষের সীমাপর্য্যন্ত রুসীয়েরদেরকর্তৃক লোকের বাধ্যতা দৃষ্ট হইবে। ইঙ্গলণ্ডীয়েরা ঐ বাদশাহের প্রতি অদ্যাপি তাদৃশ শক্ত কথা কহেন নাই এবং বাদশাহ তাঁহারদের সঙ্গে বাণিজ্যবিষয়ে সন্ধিপত্র করিতে স্বীকৃত নহেন। যাহাতে ইঙ্গলণ্ডীয় সেনাপতিসাহেবেরা সৈন্যেরদিগকে বিলক্ষণ সুশিক্ষা দিতে পারেন এমত প্রচুর ক্ষমতা তাঁহারদিগকে দেন না। রুসীয়েরা নিত্যই তাঁহার প্রিয়পাত্র আছে। কিন্তু পত্রপ্রেরক লেখেন যে পারস দেশস্থ ইঙ্গলণ্ডীয়েরদের উকীল শ্রীযুক্ত ইলিস সাহেব পারস দেশের বিষয়ে যাহা নির্দ্ধারিত করিয়াছেন তদনুসারে ইঙ্গলণ্ড ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট যদি কার্য্য করেন তবে পারস দেশে ও মধ্যম আসিয়াতে ইঙ্গলণ্ডীয়েরদের মঙ্গল হইতে পারে।

পারসদেশীয় যে ইস্পাহান নগর ইহার অনেককালপূর্ব্বে হাস্যরসের রাজধানী অথচ তাঁহার অতিসুন্দরী স্ত্রীর নিবাস ছিল ঐ নগরে এইক্ষণে মারী উপস্থিত হইয়াছে বিশেষতঃ বসন্তরোগের অতিপ্রাদুর্ভাবহওয়াতে শতং বালক মারা পড়িয়াছে এবং যদ্যপি বুসীরের ইঙ্গলণ্ডীয় রেসিডেণ্ট সাহেব ঐ স্থানে টীকা দেওনার্থ কএক জনকে নিযুক্ত করিয়াছেন তথাপি বসন্তরোগে অনেক লোক মরিতেছে। টীকা দেওনবিষয়ে পারসীয় লোকেরদের কোন মান বিচার নাই বরং তাহারা তাহা শ্রেয় জ্ঞান করে। এবং যিনি টীকার সৃষ্টিকর্ত্তা অর্থাৎ ডাক্তর জানর সাহেব তাঁহাকে পারসীয়েরা অতিসম্মান করেন এবং ঐ মহামহিম ব্যক্তির সম্ভ্রমার্থ অনেক কাব্য বর্ণনাও করিয়াছেন। এইক্ষণে এক জন অতিবিজ্ঞ আরমানি টীকা দেওনকার্য্যে নিযুক্ত আছেন তাঁহার উদ্যোগেতে অনেক সুফল দৃষ্ট হইয়াছে। যে অপর এক জন বিজ্ঞবর আরমানি মৃত মার্কুইস হেষ্টিংস সাহেবের আমলে ভারতবর্ষে সৈন্যেরদের চিকিৎসার্থ নিযোজিত ছিলেন তিনিও ইস্পাহানের অধ্যক্ষের নিকটে চিকিৎসাতে নিযুক্ত আছেন।

pedition has been fitted out by the Raja Mudah of Peerack who proceeds against the Raja of Queeda, who is also cruizing about the Island. The expedition has not been fitted out against Penang, but there is a fear lest the Raja, finding himself at the head of so large a force, should make a descent upon it and plunder it.

An express has been sent off to Singapore for His Majesty's Ship *Wolf*; and the Sheriff of the Island has convened a meeting of the inhabitants to consider and adopt the best means of protecting life and property.

*Persia.*

The accounts from Persia, dated the 5th March, are any thing but satisfactory. With a discontented and oppressed people, without having confidence in any one, with a rabble army undisciplined, the Shah seems determined to collect a hundred thousand men and march in April against Herat. If he takes Herat, Russian agents and spies will swarm in Afghanistan, and Russian influence will be felt upon the very borders of India. The English have not spoken with sufficient plainness to the Shah; he had dared even to refuse a commercial treaty, and he denies the British officers such authority as is necessary to enable them to drill his troops. The Russians are becoming very great favourites; but, says the writer, let Mr. Ellis's idea about Persia guide the authorities in India and England, and our position in Persia and Central Asia will be immediately improved.

Ispahan, once the capital of the great Ahasuerus, and the residence of the beautiful and lovely Esther, has been subjected to a peculiar visitation of Providence. The small pox was making ravages there, and hundreds of children have fallen victims to it. Notwithstanding the existence of a small vaccine establishment there, maintained by the Residency of Bushire, casualties resulting from the prevalence of the small pox were lamentably numerous. The Persians have not the least prejudice against vaccination, but, on the contrary, are willing to encourage it throughout the country. The name of Jenner is held in great veneration among them, and encomiastic verses are known to have been composed to the memory of this great man. An experienced Armenian has been employed on the vaccine establishment, whose operations are attended with the greatest success. Another Armenian of great intelligence, who was in the Indian Army during the administration of the late Marquis of Hastings, is stationed at Ispahan as a physician to the Governor of the place. —*Cal. Cour.*

শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক।

ইঙ্গলণ্ড দেশে গ্লাস গোনগরের নিমিত্ত শ্রীলশ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক সাহেব পার্লিমেণ্টে নিযুক্ত হন এনিমিত্ত মহোদ্যোগ হইয়াছে।

শ্রীযুত অবর্ট সাহেব।

শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্তর্সের মধ্যে অতিবিজ্ঞ শ্রীযুত অবর্ট সাহেব স্বীয় কর্ম্মে ইস্তফা দেওনার্থ উদ্যত হইয়াছেন তৎপদে শ্রীযুত জে সি মেলবিল সাহেব নিযুক্ত হইবেন।

পত্রপ্রেরকের প্রতি।

কস্যচিদ্দর্পণ পাঠকস্য ইতি স্বাক্ষরিত দুই পত্র আমরা প্রাপ্ত হইয়াছি তাহাতে পূর্ণচন্দ্রোদয় সম্বাদপত্রের অনেক প্রশংসা আছে কিন্তু এক পত্রের দ্বারা পত্রান্তরের এতদ্রূপ প্রশংসা করা রীতিমত নহে।

চব্বিশ পরগনার হরনাথ বসু পেস্কারের স্থানে আমরা এক পত্র পাইয়াছি তাহাতে তিনি পূর্ব্ব এক পত্র মুদ্রিতকরণার্থ প্রেরণ করেন কিন্তু তাঁহার ঐ পত্র আমরা পাই নাই। তিনি যাহা আমারদের নিকটে কালী ঘাটের বিষয় দর্পণে প্রকাশার্থ উত্তর স্বরূপ প্রেরণ করেন তাহা আমারা অবাধে দর্পণে অর্পণ করিব।

কস্যচিৎ ধর্ম্ম দ্বেষ্টা পৃষ্ঠে বিজাতীয় যষ্ট্যাঘাত কারকস্য ইতি স্বাক্ষরিত পত্র পাইয়াছি তাহা কেবল জ্ঞানান্বেষণ সম্বাদকের গ্লানিতে পূর্ণ। তাহা ঐ যন্ত্রালয়ে প্রেরণ করাই উচিত।

কস্যচিৎ দর্পণপাঠকস্য ইতিস্বাক্ষরিত এক পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে ধর্ম্মসভান্তঃপাতি মহাশয়েরদের মহাপাপের বিষয় লিখিত আছে তাহা দর্পণে প্রকাশ করাতেও পাপ আছে তদ্বিবরণ ঐ সভাতে পাঠ হইলেই ভাল হয়। ঐ পত্রপ্রেরক মহাশয় ধর্ম্মসভার বিষয়ে অনেক পাপ লিখিয়াছেন বটে কিন্তু সর্ব্বাপেক্ষা যে মহাপাপ তাহা তিনি লেখেন নাই অর্থাৎ ধর্ম্মসভান্তঃপাতি কোনং প্রধান ব্যক্তির এই মুদ্রাযন্ত্রালয়ে যে মুদ্রা দেনা আছে তদ্বিষয়ে গয়াংগচ্ছকরণ জন্য।

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

পাঠকবর্গ জানিতে পারেন শ্রীযুত রাধাকৃষ্ণ ঘোষালনামক উকীলের দ্বারা ঐ রাজার পত্র পাইয়া কলিকাতাস্থ কোন বিজ্ঞ ব্যক্তি শ্রীযুত এবেট সাহেবের যোগে ঐ রাজার বিচারার্থ গবর্ণমেণ্টের নিকট দুই দরখাস্ত করাইয়াছিলেন তাহাতে গবর্ণমেণ্ট ১২ মে তারিখে বাঁকুড়ার মাজিস্ত্রেট ও কমিস্যনর সাহেবের প্রতি এক প্রকার শক্তই হুকুম করিয়াছেন আমি প্রামাণিক লোকের মুখে শুনিয়াছি গবর্ণমেণ্টের আজ্ঞাতে মাজিস্ত্রেট ও কমিস্যনর সাহেবকে এইরূপ লিখিয়াছেন তোমরা যে ঐ ব্যক্তির বিষয়ে পূর্ব্বে রিপোর্ট করিয়াছ এইক্ষণে তাহা অমূলক বোধ হইতেছে ঐ ব্যক্তি রাজা বা প্রতারক যাহাহউক ফলত রাজা বলিয়া প্রকাশ হইয়াছে অতএব তাহাকে রাজার ন্যায় সম্ভ্রমে রাখাই উচিত ছিল এইক্ষণে ঐ ব্যক্তির নিমিত্ত ঘণ্টায়ং দরখাস্ত পড়িতেছে অতএব তোমারদিগকে লেখা যাইতেছে তোমরা অষ্টাহের মধ্যে ভদ্রলোকের সাক্ষ্য লইয়া রাজনামধারির বিষয়ে যথার্থ রিপোর্ট পাঠাইবা এবং রাধাকৃষ্ণ ঘোষাল তাহার উকীল কি না তাহাও জানিয়া রিপোর্ট করিবা।

ঐ হুকুম ১৭ তারিখে বাঁকুড়াতে প্রেরিত

*Lord William Bentinck.*

Great efforts are making in England to secure Lord William Bentinck's return for the City of Glasgow.

*Mr. Aubert.*

Mr. Aubert, the able Secretary at the India House, is about to retire from his situation, and it is said, will be succeeded by Mr. J. C. Melville.

*To Correspondents.*

We have received two letters in praise of the Poornochundrodoy, signed "A Reader of the Durpun," but it is not usual thus to extol one paper in another.

We have received a letter from Hurronath Bosoo, Fouzdaree Peshkar of the 24 Pergunnahs, which appears to refer to some letter previously sent us; that letter we have not received. We shall be happy to publish any thing that he may have to say on the subject of the Kalee Ghaut, in reply in the Durpun.

We have received a letter signed, "One who applies the flail to the back of him who despises his own religion." It is full of abuse to the Gyananeshun. The writer had better send it to that paper.

The letter of "A Calcutta Reader of the Durpun" describes the wicked actions of the Members of the Dhurma Subha. We cannot engage to publish it. Perhaps he had better read it at the next meeting of the Subha. He has however omitted the greatest transgression of the Dhurma Subha, which is, that some of its members obstinately refuse to pay the Bills due to this press.

## Spirit of the Native Papers.

The reader is perhaps aware that a certain respectable Baboo of this city having received a letter from the Raja in question through his Vukeel Radhakisto Ghosaul, presented in conjunction with one Mr. Abbott two petitions to Government for securing justice to the Raja. On this the Government, in a letter dated 12th instant, sent peremptory orders to the Magistrate and Commissioner of Bancoorah for prompt investigation into the matter, and I have heard from a creditable source that the letter of Government runs to the following effect.

Your report about the Jogee now appears to be without foundation, for whether he is a pretender or the rightful Raja, certain it is that he has appeared as the true Pratap Chand. It is therefore clear that your conduct towards him was highly improper and that you should have treated him with the respect due to a Raja. Petitions are now hourly poured upon Government in favour of the Jogee. It is therefore ordered that you should immediately take evidence of respectable persons and forward a true report thereof within a week. It is further ordered that you should report whether Radhakisto Ghosaul is the Vukeel of the Raja.

This letter reached Bancoorah on the

হইয়াছে ইহাতে বোধ হয় প্রতাপচন্দ্র সন্ন্যাসির ক্লেশের প্রায় শেষ হইয়া আসিল।

আমি আরো শুনিলাম গবর্ণমেণ্ট শ্রীযুত প্রাণনাথ বাবুকে এক পত্র লিখিয়া জিজ্ঞাসা করিয়াছেন রাজা প্রতাপচন্দ্র কবে মরিয়াছেন আর তৎকালীন তাঁহার বয়স কত বৎসর হইয়াছিল এবং কোন স্থানে রাজার দাহাদি হইয়াছে আর সেইকাল অবধি প্রতাপচন্দ্র মরেন নাই বলিয়া জনরব আছে কি না যদি থাকে তাহা কেন হইল আর এইক্ষণে যে ব্যক্তি রাজা বলিয়া প্রকাশ হইয়াছেন ইনি রাজা কি না তুমি এসকল বিষয় বিস্তারিত করিয়া লিখিবা প্রাণনাথ বাবু এসকল জিজ্ঞাসার উত্তর দিয়াছেন কি না আমি তাহা শুনিতে পাই নাই কিন্তু ঐ বাবুজি মহাশয় কি উত্তর দিবেন তাহা বলিতে পারি না যদি বলেন প্রতাপচন্দ্র যথার্থই মরিয়াছেন আর কারাবদ্ধ ব্যক্তি রাজা নহেন তবে ঐ ব্যক্তি বিচার দ্বারা প্রকৃত রাজা হইলে শ্রীযুত প্রাণনাথ বাবু শেষ গবর্ণমেণ্টের নিকট কি বলিয়া সম্ভ্রম রাখিবেন আর যদ্যপি এরূপ বলেন রাজার মৃত্যুকালীন তিনি সাক্ষাতে ছিলেন না অতএব মৃত্যুর কথা স্থির বলিতে পারেন না তবে সন্ন্যাসি রাজার পক্ষে তাঁহার বাক্যই এক প্রকার সাক্ষ্য স্বরূপ হইবে যাহা হউক এই বিষয়টা পূর্ব্বে যেমন ছিল এইক্ষণে তদপেক্ষা আরো ভারি হইয়া উঠিল অতএব পরমেশ্বর করুন শীঘ্র এক পক্ষ নিশ্চয় হউক তাহা হইলে পাঠকবর্গের ভাবনারূপ উৎপাত টা শান্তি হয় আমি এইক্ষণে পর্য্যন্তই লিখিলাম পরে যে রূপ হয় তাহাও লিখিয়া পাঠকবর্গের সন্তোষ করিব।—জ্ঞাং নাং।

দ্বিতীয় নারদ।

---

অরিএণ্টল সিমিনেরির পরীক্ষা।

গত শুক্রবারে বধূবাজারে বেণে বোলেণ্ট ইনষ্টিটীউসনে ও রিএণ্টল সেমিনরি বিদ্যালয়ের ছাত্রেরদের বার্ষিক পরীক্ষা হইয়াছিল কিন্তু খেদের বিষয় এই যে তৎকালীন আমরা ঐ স্থানে বহুক্ষণ থাকিতে পারিলাম না কুরিয়র সম্পাদক লেখেন ছাত্রবর্গ পরীক্ষা দিয়া সকলকেই সন্তুষ্ট করিয়াছেন ভূগোল বৃত্তান্ত ইতিহাস ইত্যাদি বিষয়ে তাঁহারা যেরূপ উত্তর করিয়াছেন তাহাতে আপনারা যে শিক্ষিত পাঠ বুঝিয়া বিস্মৃত হন নাই তাহাই ব্যক্ত করিয়াছেন ঐ বালকেরা যে পঠিত বিষয়ে সুশিক্ষিত হইয়াছেন তাঁহারদিগের পাঠেতেই সে বিষয় প্রকাশ পাইয়াছে ঐ সম্পাদক বলেন ইঙ্গরেজী গদ্য পদ্যের বিরাম স্থান ও দীর্ঘোচ্চারণ স্থানে যে প্রকার ধারামত পাঠ করিয়াছেন তাহাতে অনেক ইঙ্গরেজ অপেক্ষাও ভাল জ্ঞান হইয়াছে আর উচ্চারণেতেও বিলাতীয় ছাত্রেরদের প্রায় তুল্য বটেন ঐ বিদ্যালয় প্রায় আট বৎসর হইল প্রথমত শ্রীযুত বাবু গৌরমোহন আঢ্য স্থাপিত করেন এইক্ষণে ঐ বাবু ও শ্রীযুত টরম্বূল সাহেব দুই জনের সম্পত্তির মধ্যে গণ্য হইয়া চলিতেছে ওরিএণ্টল সেমিনরি বিদ্যালয়ের ছাত্রেরা একাদশ শ্রেণীতে বিভক্ত হইয়া ন্যূনাধিক ২৫০ বালক শিক্ষা করেন তাঁহারদিগের মধ্যে অনেক ব্যক্তিই কলিকাতাস্থ ভাগ্যধর লোকের সন্তান ঐ বিদ্যালয়ে ইংরেজী শিক্ষার আদিপুস্তকঅবধি ইতিহাস অঙ্ক বিদ্যা পদার্থ বিদ্যা ক্ষেত্র পরিমাণ বিদ্যা আয় ব্যয় বিদ্যা ইঙ্গরেজী রচনা এইসকল শিক্ষা হয় এস্থলে ইহাও বক্তব্য যে ঐ বিদ্যালয়ে ছাত্রেরা টাকা দিয়া শিক্ষা করেন ইহাতেও তথায় শিক্ষা করণে এতদ্দেশীয় লোকেরদের অনুরাগ আছে।—জ্ঞানান্বেষণ।

17th instant. It is, therefore, probable, that the miseries of Sunyassee Pratap Chand are now at an end.

I am also given to understand, that the Government have written a letter to Prannauth Baboo calling upon him to report minutely and without delay as to when and at what age did Pratap Chand die? where was his body burnt? whether there has not been a report ever since his death, that he did not actually die? and if so, how did it originate? and lastly, whether the present Jogee is the real Pratap Chand Bahadoor? To these questions an immediate answer has been called for, but whether the Baboo has answered them or not, I have not heard. Neither can I guess what answer he will give. If he says that Pratap Chand did actually die and consequently that the prisoner is an impostor, then how will he preserve his dignity and respectability in the eyes of Government, if per chance after proper trial the Jogee turns out to be the real prince. If he says that as he was not present at the time he was taken to the Ganges, he cannot positively say whether or no did Pratap Chand actually die, such an answer would be a tacit acknowledgement of the Jogee's pretensions. This matter of the Raja has now become more important than ever. I wish to God that it will soon be brought to an issue, and so the reader be freed from all doubt and anxiety. Thus far have I learnt, and I will not fail to gratify the reader with what happens afterwards as it comes to my knowledge.

Yours obediently,

—*Gyan.* *Second Narud.*

---

*Examination of the Oriental Seminary.*

We are sorry we could not long be present at the examination of the pupils of the Oriental Seminary which took place on Friday last at the Benevolent Institution in Bowbazar: but we learn from the *Courier* that the boys acquitted themselves much to the satisfaction of the gentlemen present, shewing by the answers they gave to the questions put in Geography and History that they were deficient neither in memory nor intelligence. A surer test however of their being well taught was the manner of their reading, which, says our cotemporary, was really much better in respect to the pauses and emphasis, in verse as well as prose, than that of nineteen out of twenty educated Englishmen; and their pronunciation too, we learn, was a very near approximation to that of persons bred up in England. This Seminary has now existed for nearly eight years. It originated with a native—Baboo Gour Mohun Audy, and is now the joint property of the Baboo and Mr. E. L. Turnbull. There are eleven classes in the school, consisting altogether of about 250 pupils—mostly sons of the wealthy natives of Calcutta. The instruction afforded embraces every grade from the first rudiments of the English language up to History, Algebra, Natural Philosophy, Geometry, Political Economy, and English Composition. It is ever to be recollected that this is a pay school, indicating as that circumstance does in no small a degree the desire of the natives to acquire a knowledge of English even by paying for it.—*Gyan.*

## প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

আমার লিখিত কএক পঁক্তি আপনার আগামি সাপ্তাহিক পত্রে প্রকাশ করিলে আমি এ দায়হইতে মুক্ত হইয়া মহাশয়ের নিকট নিয়ত বাধিত হইব। এবং আপনি স্বীয় উক্তিদ্বারা ইহার যথার্থ লিখিয়া তাঁহারদিগের সন্দেহ ভঞ্জন করিবেন।

প্রায় দুই মাসাতীত হইল এই কলিকাতা মহানগরে আসিয়া কতকগুলীন ধনি লোকের সাহায্যদ্বারা মোং হাতির বাগানে একখান চতুষ্পাঠী করিয়াছি তাহাতে চিরস্থায়ী হইতে না পারি এমত অভিপ্রায়ে অনেকে একত্র হইয়া নিত্য নূতন২ ব্যবস্থা জানিতে আইসেন। সংপ্রতি সামবাজার নিবাসি তিনজন ন্যায়শাস্ত্রাধ্যায়ি যুবা আসিয়া জিজ্ঞাসা করিলেন যে আমারদিগের বিবাদ ভঞ্জন করিয়া দেউন। প্রথম ব্যক্তি কহিলেন যে সমাচার চন্দ্রিকা পত্রে সর্ব্বোপরি সুখোদিতা যে এক কবিতা আছে তাহা বংশস্থবিলচ্ছন্দে প্রকাশিতা অতএব তাহার সপ্তমাক্ষর কিরূপে গুরু হইতে পারে। দ্বিতীয় ব্যক্তি কহেন কবিতাকারকের কোন ভ্রম নাই। যেহেতুক জুষ শব্দ দীর্ঘ উকার যুক্ত নহে তৎপ্রমাণ পুণ্যোমহাব্রহ্মসমূহজুষ্ট ইতি ভট্টৌ। তৃতীয় ব্যক্তি কহেন যদ্যপি ঐ কবিতাখোদকের ভ্রম হইয়াছিল তাহাতে তৎসম্পাদক কি নিমিত্ত এ অশুদ্ধা কবিতা ব্যবহার করিতেছেন। যাহা হউক আমি তাঁহারদিগের প্রতি ইহার উত্তর প্রদানে অক্ষম হইয়া মহাশয়ের নিকট তাবদ্বৃত্তান্ত লিখিলাম আপনি ইহার যথার্থ নীচে লিখিলে তাঁহারা অবগত হইতে পারিবেন কিমধিকমিতি তারিখ ২৫ বৈশাখ।

কস্যচিৎ কুমারহট্টনিবাসি বিবাদ ভঞ্জনৈষিণঃ।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় বরাবরেষু।

কিয়দ্দিবসাবধি এতন্মহানগরে বিজ্ঞবর এতদ্দেশ ও ইউরোপজাত মহান্ মহাশয়েরা সুপ্রিম কোর্টের সীমা বৃদ্ধিকরণাবশ্যক বোধে সভা করিয়া শ্রীযুতের নিকট আবেদন পত্র অর্পণার্থে যত্ন পাইতেছেন এমতে অস্মদাদির বিবেচনা বিধানে এতদ্বিষয়ে মহোপকার বোধানুরোধে নিম্নে কএক শ্রেণী প্রেরণ করিতেছি কৃপা প্রকাশে দর্পণৈকপার্শ্বে যন্ত্রিত করিয়া উপকৃত করিবেন।

এই মহদ্ব্যাপার জনপদের উপকারক যে নহে এমত কহিতে পারিবেন না যেহেতুক ঐ আদালতে যেমত সূক্ষ্ম বিচার এতাদৃশ অন্যত্র কোন মতে সম্ভাবনা নাই কেন না সংপ্রতি যে এক মহদ্ভয়ানক ব্যাপার ঐ সুপ্রিম কোর্টে সম্পন্ন হইয়া বিচারাধিপতি মহাশয়েরা প্রশংসিত হইয়াছেন তাহা শ্রবণ করিলে আপনকার পাঠকবর্গ অবশ্যই আহ্লাদিত হইবেন। জিলা যশোহরনিবাসি ৺ মহারাজা শ্রীকণ্ঠ রায় মহাশয় স্বীয়জমীদারীর কিয়দংশ মলুই পরগনানামক এক পরগনা কলিকাতার বাগবাজারনিবাসি ৺ দুর্গাচরণ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট বন্ধক রাখিয়া কর্জ্জ লইয়াছিলেন। তাহাতে মুখোপাধ্যায় মহাশয় টাকা পরিশোধের নিয়মাতীত না হইতেই ঐ পরগনা কলিকাতার সরিফের দ্বারা বিক্রয় করিয়া বিনামীতে ঐ বিষয় ক্রয় করিয়াছিলেন। এমতে ঐ মহারাজা মহাশয় অতিপুণ্যবান এবং দেবদ্বিজানুগত হেতুক ব্রাহ্মণেপর ধর্ম্ম ভাবিয়া হাকিম সংক্রান্তে হস্তক্ষেপ না করিয়া কিয়দ্দিবস পরেই বৈকুণ্ঠে গমন করিলেন। পরে ঐ মহারাজার পৌত্র শ্রীযুত মহারাজা বরদাকণ্ঠ রায় মহাশয় স্বীয় পৈতৃক বিষয় প্রাপণাশয়ে সুপ্রিম কোর্টের বিচারাধিপতির নিকট আবেদন করাতে ঐ বিচারাধিপতি মহাশয়েরা ঐ বিষয়ের সাক্ষির দ্বারা বিশেষ-তথ্যানুসন্ধান করিয়া মুখোপাধ্যায় মহাশয়ের প্রবঞ্চনা ও শঠতা জানিয়া প্রায় চল্লিশ বৎসরের গত বিষয় রাজার যথার্থ জ্ঞান করিয়া তাঁহাকে অর্পণ করিয়াছেন ঐ জমীদারীতে প্রতি বৎসরে লাভ অর্থাৎ ওয়াসিলাৎ মায় খরচা বন্ধক দিবার দিবস ইস্তক ডিক্রীর দিনপর্য্যন্ত প্রায় চল্লিশ বৎসরে অনুমান ষোল লক্ষ টাকা ও জমীদারীর মূল্য ৪ লক্ষটাকার

## Correspondence.

*To the Editor of the Durpun.*

If you would publish these few lines in your next Durpun, I should be delivered from great trouble and be perpetually obliged to you. And if you will also give us a correct opinion on the subject you would remove the doubts of my friends.

It is now nearly two months since I came to Calcutta, and with the aid of a few rich men established a College at Hatee Bagan; but I find that many, with the view of preventing my remaining here, perpetually get together and propound new questions to me. Lately three young students of the Nyayu, residing in Sam Bazar, came to me and begged me to resolve the doubts that have arisen in their minds. One of them said, the couplet which appears in great beautiful letters in the first page of the Chundrika, is of the kind of verse, called Bungsosthulee. Tell me how the seventh letter in the first line can be long. The second person says, there is no fault in the writer of the verse, because the word জুষ cannot be written with the vowel long; thus in the Bhutti, the third person said, if the fault lay with the engraver, why has the Editor so long permitted it to continue. Be that as it may; I was unable to give a reply to their queries and send you all the particulars. If you will give us a true decision upon the subject, it would afford us information.

*One desirous of resolving doubts,*
*residing at Koomar hutto.*

*25th Bysack.*

---

*To the Editor of the Durpun.*

Some days ago several influential Europeans and Natives of this city considering the importance of extending the limits of the Supreme Court, called a meeting and exerted themselves to prepare an address to the Governor General. As we consider this measure likely to be beneficial, we send you these few lines, which you will extremely oblige us by publishing in a corner of your Durpun.

It cannot be said that this measure will be at all disadvantageous to the people, for the decisions of that Court are very excellent, in fact such decisions cannot be obatined elsewhere. For there has lately been decided in that Court a long pending suit which has reflected great credit upon the Judges. A recital of it will certainly afford pleasure to your readers. The late Raja of Jessore, Shreekant Roy, borrowed some money of the late Doorgachurn Mookho of Baug Bazar, in the city of Calcutta upon the mortgage of the Moolo Pergunnah, a part of his Zumeendaree. The Mookhopadhayu before the period of redeeming the bond had arrived, sold the Pergunnah through the Sheriff of Calcutta and purchased it himself in another name. The Muha Raja was a very holy man, much attached to the gods and bramhuns, and wishing to act under the influence of his religion, refrained from calling in the interference of the public authorities and soon after died; but the grand-son of the Muha Raja, Burodakant Roy, to recover his paternal property, instituted a suit in the Supreme Court, and the Judges of that tribunal after having carefully ascertained the merits of the case through witnesses, were fully satisfied of the roguery of the Mookhopadhaya, and of the rights of the Raja, and at the end of 40 years caused his property to be restored to him. The rents of the estate from the date of the bond to the date of the decree during the last 40 years, together with the expenses of the suit, amount to nearly 16 lakhs of Rupees and the value of the estate is estimated at four lakhs of Rupees. The Judges of that Court are certainly worthy of every praise. It is matter of satisfaction to find that the cause of righteousness and truth is thus established by the punishment of those

অধিক। এতদ্বিষয়ে ধর্ম্মাবতার বিচারাধিপতি মহাশয়রা অবশ্যই প্রশংস্য হইবেন। অধিকন্তু সুখের বিষয় এই যে এক ব্যক্তির প্রতি শঠতা করিয়া তাহার সর্ব্বস্বান্ত যে করে তাহার প্রতিফল হইলেই ধর্ম্মের মর্ম্ম প্রকাশ পায়। কিন্তু এমত সকল ব্যাপারসম্পাদক মহাশয়দিগের প্রতি অস্মদাদির নিবেদন এই যে কোন ব্যক্তি এতাদৃশ আচরণ না করেন। কেন না প্রথমে এক ব্যক্তির পর অত্যাচার করিলে পরে কোন মতেই ধর্ম্মের হস্তে রক্ষা পাইবার উপায় নাই। এমতে উচিত যে স্বীয় শঠতা জানিয়া ঈদৃশ উপস্থিত বিষয়ের নিষ্পত্তি বিধানে যত্নবান হন। সম্পাদক মহাশয় আপনি বিবেচনা করুন এমত মোকদ্দমা অন্য স্থানে হইলে ইহার যথার্থ বিবেচনা দুষ্কর হইত। অতএব অস্মদাদির বক্তব্য এই যেসুপ্রিম কোর্টের সীমা বৃদ্ধি হইলে লোকের উপকার হইবে তাহাতে সন্দেহ নাই ইতি।

কস্যচিৎ মোক্তারস্য।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

পাঠকবর্গ মহাশয়েরা অনুগ্রহ করিয়া শ্রবণ করিবেন। আমারদিগের বড় এক আশ্চর্য্যবিষয় প্রকাশ হইয়াছে। সন ১৮১৯ সালের ২ আইন ও ১৮২৮ সালের ৩ আইন জারী হইয়াছে শুদ্ধ গরীব ব্রাহ্মণদিগের উপর। কারণ এই যে ব্রহ্মোত্তর ও দেবোত্তর লাখেরাজ বিষয়ে কোম্পানির রাজস্ব দিতে হইবে বলিয়া গোপন ভাবেতে ভোগ করেন তাহার তজবিজের নিমিত্তে আইন প্রকাশ করিয়াছেন। কোম্পানির লাভালাভের বিষয় তদারক না করিয়া অন্যান্য রকম করিয়া তজবিজ করিতেছেন সরকারের অনেক টাকা জমা নিসস্ত হয় এমত বিষয়ের উপর কোন তদারক করেন না ইহাতে বোধ হয় ধনিলোকের উপর কানুন জারী হয় না। কারণ এই যে অর্থ ব্যয় করিতে পারিবেক এবং মান্য২ সুপারিস দিতে পারিবেক এবং কালেক্টর ও কমিস্যনর ও বোর্ড সাহেবানকে ও আমলাদিগের স্থির রাখিতে পারিবেক তাঁহারা এহারদিগের উপর কোন তদারক করিবেন না। আমলা লোক ধনোপার্জন করিতে চাকরি করেন ধন অনায়াসে লাভ হইলে কোম্পানির নোকসানেতে তাঁহারদিগের ক্ষতি নাই। কিঞ্চিৎ গবর্নর কৌন্সেলের সম্মুখে দেখাইতেছি পঞ্চান্ন ডিহির খাস তহসিলমধ্যে ভবানীপুর ও কালীঘাট ও বেলতলা ও সাহানগরদিগর কএকখান গ্রাম কমবেস ৫০০০। ৬০০০ বিঘা জমীন ব্রহ্মোত্তর দেবোত্তর বলিয়া বলপূর্ব্বক দখল করিয়া ভোগ করিতেছে তাহার রাজস্ব সালিয়ানা ১০০০০ টাকা হইতে পারে সে জমীন কোম্পানির খাস অর্থাৎ সাবেক গঙ্গপয়স্তি জমীন ইহা লাখেরাজভোগিরদিগের তায়দাদ ও সনন্দ হজুর তলব করিয়া তদারক করিলে কানুন সুরত সাফ বোধ হইবে। সরকারের এই জমীর কিম্মত যখন যিনি বিক্রয় করেন ৫০ টাকা ও ১০০ টাকা কাঠার দাম হইতেছে। সরকারেতে লাটবন্দি করিয়া বিক্রী করিলেও অনেক টাকা সরকারের লভ্য হইবেক এবং জমাও অনেক পাইতে পারিবেন। যেমন বরাহনগর কোম্পানির খাস হইয়া জরীপ জমাবন্দি হইয়া অনেক টাকা জমা নিসস্ত হইয়াছে সেইরূপ অনেক টাকা ইহাতেও হইতে পারে। ইহাতে বড় তাজ্জব হইলাম যে খাস তহসিলের মধ্যে এত জমীর তদারক হয় না। জঙ্গল আর অন্যান্য স্থানে ২।৩ বিঘা জমী তজবিজ করিয়া বেরিজ করিতেছেন কেবল শুদ্ধ গরিব দুঃখি ব্রাহ্মণেরা অন্নে আজিজ হইতেছে তাহাতে সরকারের লাভ বড় নহে তাহারা প্রাণে মরে এইরূপ লাখেরাজ তদারক করিলে উপরের লিখিত অনেক টাকা সরকারের লাভ হইতে পারে। রাজার নিকট সকল প্রজাই সমান এবং ব্রাহ্মণসকলও সমান। ধনী বলিয়া তাহার উপর স্নেহ অধিক হয় না। আমারদিগের কপালে করে এ বিষয় ক্রোক করিয়া জরিপ হইলে পশ্চাৎ অন্যান্য জিলার প্রকাশ করিব। যদি এ বিষয়ে এইক্ষণে মনোযোগ না হয় এ কারণ ছাপাইতেছি যে বিলাতের বাদশাহের দৃষ্টি হইবেক নিরর্থক আমরা গরীব দুঃখী মারা যাই ইতি।

who had thus endeavoured villainously to destroy the rights of others, and we would therefore advise all those who are engaged in public business to refrain from such a course, since punishment is sure eventually to follow those who are engaged in such acts of injustice, and those who are conscious of having in a similar manner invaded the rights of others, ought instantly to exert themselves to restore them. Mr. Editor, I beg you to judge that if this cause had been instituted elsewhere, there would have been little prospect of such a decision. We therefore judge that the extension of the jurisdiction of the Supreme Court cannot but be advantageous to the people.

*A Mookteear.*

---

*To the Editor of the Durpun.*

We beseech you kindly to listen to these representations. The facts have filled us with astonishment. Regulations II. of 1819, and III. of 1828, appear to have been executed only upon the poor bramhuns. The object of the Regulation was to fish out those Brumuttur and Debutter lands which ought to contribute to the revenue but which are quietly enjoyed without paying revenue. But instead of making enquiries which might be beneficial to the country other enquiries are instituted. Those matters which would bring much revenue to the estate are not looked into; which leads one to suppose that this Regulation is not to be executed upon the rich, because they are able to expend money and to obtain powerful recommendations, and to keep Collectors and Commissioners and Amlahs quiet. Hence little enquiry is made regarding their lands. The Amlas take office with the view of amassing wealth, and if they can easily get money, they care not how much the Company may lose. I will now prove this. In the khaus lands of Punchannu Dhee, near Calcutta, at Bhuwaneepore, KaleeGhaut, Beltulla, and Shahanugur, there are between 5 and 6000 bigahs, which are possessed by others under the name of Brumhutter and Debutter. Perhaps the revenue of these may be about 10,000 Rs. a year. The estates are in the Company's khaus, and consist of lands formerly rescued from the river. If the Collector will call for and examine the sunnuds of those who are enjoying them, he will soon ascertain this matter. Sometimes these lands may sell 50 or 100 Rs. a cottah; if they were lotted and sold by auction they would yield to Government a great deal, and much land would thus be recovered, just as the lands of Burahanugur coming into the Company's own hands were measured and assessed and yielded a great deal of money, so much money may be gained in this case also. It is matter of astonishment that so much land should remain unenquired into in estates held khaus. By looking after two, three, or four bigas in one jungle or other, only the poor bramhuns are distressed, without bringing any great revenue to Government, while to them it is death, but by examining such estates as I have pointed out, the public revenues may be abundantly increased. The ruler must consider his subjects all upon a par and all bramhuns as alike, and not manifest more affection towards those who are rich; if it should be that these lands mentioned above are measured and assessed, I will afterwards point out others in other Zillahs. I send these lines to the press that the matter may be enquired into, and that it may be known that it is the poor and the distressed who suffer.

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনয়ানুনয়পূর্ব্বক নিবেদনমিদং। মহাশয় দেশবিদেশীয় বিবিধ বিদ্যালয়ের ছাত্রগণের পরীক্ষাবিষয়ক শুভসূচক সম্বাদসম্বলিত লিখন অনুক্ষণ প্রকাশকরণে বিলক্ষণ উৎসাহী বটেন। এতাবতা ইডিউকেসন কমিটির আজ্ঞানুসারে হুগলির এমামবাটীর মদরসার ছাত্রগণের পরীক্ষাবিষয়ক কিঞ্চিদ্বিবরণ লিখিয়া প্রেরণ করিলাম অনুগ্রহপ্রকাশে দর্পণৈকদেশে উদিত করিয়া সকলকে বিদিতকরত অস্মৎকে বাধিত করিবেন ইতি।

সম্পাদক মহাশয় উক্ত কমিটির আজ্ঞানুসারে গত চৈত্রস্যাষ্টবিংশদিবসীয় ভৃগুবাসরে এমামবাটীস্থ ও আর২ স্থানস্থ আরবী ভাষাভ্যাসি ছাত্রগণ পরীক্ষা দেওনার্থ উক্ত দিবসে নয় ঘটিকাসময়ে ৺ ভাগীরথীতীরস্থ অট্টালিকায় উপস্থিত হইলে গুণগ্রাহক সূক্ষ্মবিচারক প্রতারক প্রহারক শ্রীযুক্ত E. A. Samuells সাহেব মাজিস্ত্রেট ও অশেষগুণালঙ্কৃত বিবিধ বিদ্যাভরণে ভূষিত শ্রীযুত Dr. Wise সাহেব ও কতিপয় সদাশয় গুণবান মোসলমান শুভাগমন করিয়া আসনোপবিষ্ট হইলে শ্রীযুক্তদিগের সমক্ষে উক্ত মদরসার প্রধানাধ্যাপক মহামহিম সজ্জন বিচক্ষণাগ্রগণ্য বরেণ্য শ্রীযুক্ত মৌলবী আকবরশাহ মহাশয় পরীক্ষা গ্রহণ করিলেন। তাহাতে প্রথমতঃ সদরা ও আকলিদস ও হেদায়া ও শরেবকায়া ও শরেহমোল্লা ও শরেতহজীব প্রভৃতি ভূরি২ গ্রন্থপাঠক ছাত্রেরা সকলই শ্রীশ্রীশ্বরেচ্ছায় পরীক্ষোত্তীর্ণ হইয়া উক্ত বিচক্ষণজনগণে যথেষ্ট তুষ্ট করিয়া বিলক্ষণ প্রশংস্য হইলেন। তদনন্তর মিজান ও মোনশাব ও তসরিফ ও কাফিয়া প্রভৃতি গ্রন্থাধ্যয়নকারি ছাত্রগণ স্ব২ নিপুণতাদ্বারা ঐ বিচক্ষণগণসমক্ষে সুচারুরূপে ব্যাখ্যাকরত ঐ অপক্ষপাতি পরীক্ষায় বিলক্ষণ উত্তীর্ণ হইয়া অসাধারণযশে যশস্বী হইলেন। উক্ত মদরসায় ঐ দিবসে ন্যূনাতিরিক্ত চত্বারিংশৎজন ছাত্রের সমাগম হইয়াছিল। যেহেতুক কেবল দুই তিন দিবসপূর্ব্বে উক্ত পরীক্ষাদেশ প্রদত্ত হইয়াছিল তথাপিও সকলে সুচারুরূপে উত্তীর্ণ হইবায় বিজ্ঞবর শ্রীযুত Dr. Wise সাহেব তাহারদিগের নাম লিখিয়া লইলেন। তদনন্তর দুই প্রহর দুই ঘটিকা উত্তীর্ণ হইলে উক্ত পরমোপযুক্ত মহানুভব মহাশয়েরা রাজকর্ম্ম নির্ব্বাহার্থ শুভগমন করিলে ছাত্রগণ আহ্লাদিতান্তঃকরণে স্ব২ ধামে গমন করিলেন। সম্পাদক মহাশয় অনুমান হয় উক্ত মদরসার ছাত্রগণের এতদ্রূপ যশপৌরুষ দৃষ্টে অন্যান্য পাঠশালার বিদ্যার্থিরা যথেষ্ট পরিশ্রমপূর্ব্বক আলস্য বর্জন করিয়া বিদ্যোপার্জনকরত যশস্বী হইতে মহোদ্যোগী হইবেন। দর্পণসম্পাদক মহাশয় কেবল কিঞ্চিদ্বিষাদের বিষয় এই যে এই পরীক্ষাকালীন ঐ এমামবাটীর মতওল্লী শ্রীযুক্ত নওয়াব আলী আকবরখাঁ মহানগর কলিকাতায় ছিলেন এইহেতুক হঠাৎকার উক্ত ব্যাপার উপস্থিত হওয়াতে আগমন করিতে অক্ষম হইয়াছিলেন। যাহা হউক দর্পণকার মহাশয় আমরা ভরসা করি যে এতৎপাঠশালার ছাত্রগণের বিদ্যা বৃদ্ধিবিষয়ক শুভসূচক সম্বাদ শ্রীল শ্রীযুক্ত নওয়াব গবর্নর জেনরল বাহাদুরের শ্রবণগোচর হইলে অবশ্যই উক্ত মদরসার উন্নতিজন্য আরো বিশেষানুগ্রহ প্রকাশ করিতে পারেন। এতাবতা তাবৎ ইঙ্গরেজী সম্বাদপত্র সম্পাদক মহাশয়েরা ও শ্রীযুক্ত জামজাহানমা প্রকাশক মহাশয় অনুগ্রহপূর্ব্বক এতৎপ্রস্তাব স্ব২ পত্রৈকপ্রান্তে স্থানদানে উপকৃত করিবেন অলং বিস্তরেণ।

কস্যচিৎ হুগলিনিবাসি আরবিভাষাভ্যাসি
অন্তেবাসিনঃ

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ২১ | ২২ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৸০ | ॥০ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৸০ | ঐ |
| ৩ ক্লাস | ১।০ | ১৸০ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৸০ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৸০ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৫৮০০—৬০০০ প্রিমিয়ম

*To the Editor of the Durpun.*

Receive my salutation. Aware of the interest you take in the examinations of the various schools in the country, we send you the following particulars respecting the examination of the students in the Mudrissa of the Emambaree in Hooghly, which took place at the request of the Education Committee, and which if you kindly publish in the Durpun, you will confer a great benefit on the public.

Mr. Editor, at the request of the above Committee, the Students of the Emambaree and the neighbourhood assembled on Friday, the 28th of last Choitra, to be examined in their Arabic studies. At 9 o'clock the Magistrate, Mr. E. A. Samuells, and Dr. Wise, and many respectable Moosulmans and other inhabitants being present in the College situated near the Ganges, in their presence the head master of the school, Moulvee Akbur Sha, commenced the examination. First they were examined in the *Ladura Akulibus*, and many other works, and having gone through them greatly to the satisfaction of the company, they received their mead of praise. Then those who had studied the Mejan, Munshab, and other works, translated parts of them greatly to the satisfaction of the audience, and were justly commended. On this occasion only about forty students were present, because information had only been given a few days before: yet all in a most creditable manner passed their examination, and their names were taken down by Dr. Wise. About 2 o'clock the Company separated, and the students went home joyfully to their own homes. Mr. Editor, the display then made by these students we apprehend will induce the students of similar institutions to imitate their conduct, and emulate their praise. Mr. Editor, we only regret that on this occasion the Nawaub Alli Akbar Khan had gone to Calcutta, and could not be present in such short notice. Be that as it may; we hope Mr. Editor that information respecting the progress of these students reaching the ears of the Governor General, he will be induced to patronize the institution. If the English Papers, and Persian Jamjahanuma, would kindly publish these few lines, we should be greatly obliged.

*Certain Students of Arabic in Hooghly.*

---

*Government Securities.*

| | | | |
|---|---|---|---|
| 6 Per Cent loan. | 17 0 | 18 0 | Prem. |
| Old 5 Per Cent loan. | | | |
| 1st. Class, | 0 4 | 0 8 | |
| 2d. Class, | 1 0 | 0 12 | |
| 3d. Class, | 2 12 | 3 0 | |
| Middle 5 per cent loan, | 0 0 | 0 0 | |
| ew 5 per Cent, | 2 12 | 3 0 | |
| 4 per Cent loan, | 1 10 | 2 2 | Disc'. |

*Bank Shares.*

Baknof Bengal, ............... Sa. Rs. 5800 – 0600.